

মিসৌরি ও কেন্টাকিতে
টর্নেডোর তাণ্ডবে মৃতের সংখ্যা বেড়ে ২৭

বাংলা পত্রিকা ডেস্ক: প্রচণ্ড ঝড় ও টর্নেডোর আঘাতে যুক্তরাষ্ট্রের মিসৌরি ও কেন্টাকি অঙ্গরাজ্যে মৃতের সংখ্যা বেড়ে অন্তত *১২-এর পৃষ্ঠায় দেখুন*

ব্রুকলিন ব্রিজে মেক্সিকান নৌ জাহাজের সংঘর্ষ, নিহত ২

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক শহরের ঐতিহাসিক ব্রুকলিন ব্রিজের সঙ্গে একটি মেক্সিকান নৌবাহিনীর প্রশিক্ষণ জাহাজের সংঘর্ষে দুই জন নিহত এবং অন্তত ১৯ জন আহত হয়েছেন। মৃতদের মধ্যে দু'জনই জাহাজের নাবিক। আহতদের মধ্যে দু'জনের অবস্থা আশঙ্কাজনক বলে জানিয়েছেন নিউইয়র্ক সিটির মেয়র এরিক অ্যাডামস।

শনিবার (১৭ মে) সন্ধ্যায় মেক্সিকান প্রশিক্ষণ জাহাজ কুয়াওতেমোক *৭-এর পৃষ্ঠায় দেখুন*

পথচলায় ২৯ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

www.banglapatrikausa.com ■ Vol. 29 ॥ Issue 33 / May 19, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ২৯ ॥ সংখ্যা ৩৩ ॥ সোমবার, মে ১৯, ২০২৫, জ্যৈষ্ঠ ৫, ১৪৩২ ॥ জিলকদ ২০, ১৪৪৬

অবৈধদের রেমিট্যান্স প্রেরণ বন্ধ করার ঘোষণা ট্রাম্পের
নন সিটিজেনরা দেশে রেমিট্যান্স পাঠালে দিতে হবে কর



- রেমিট্যান্সে ৫% কর আরোপের প্রস্তাব বিল পাশের অপেক্ষায়
- আগামী জুন-জুলাই থেকে কার্যকর হতে পারে এ কর
- বাংলাদেশ-ভারতসহ রেমিট্যান্স নির্ভর দেশগুলোর অর্থনীতি ক্ষতিগ্রস্ত হতে পারে

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে নন সিটিজেন অভিবাসীরা নিজ দেশে রেমিট্যান্স পাঠালে দিতে হবে কর ৫ শতাংশ কর। প্রেসিডেন্ট ডোনাল্ড এমন একটি প্রস্তাব হাউস অব রিপ্রেজেন্টেটিভ এ রিপাবলিকানরা অগ্রাধিকার ভিত্তিতে বিল আকারে পাসের জন্য যুক্ত করেছেন। চলতি মাসে বিলটি অনুমোদন পেলে আগামী জুন অথ বা জুলাই মাসে এটি কার্যকর হতে পারে। এটি কার্যকর হলে রেমিট্যান্স প্রেরণকারীরা বিপাকে পড়তে পারেন এবং বাংলাদেশ-ভারতসহ রেমিট্যান্স নির্ভর বিভিন্ন দেশে এর মারাত্মক প্রভাব পড়বে। এছাড়াও বৈধ পথে রেমিট্যান্স প্রেরণে অনেকেই নিরোৎসাহিত হতে পারেন। এমনটি ধারণা বিশ্লেষকদের।

এদিকে সম্প্রতি ট্রাম্প ঘোষণা দিয়েছেন যে তিনি একটি প্রেসিডেন্সিয়াল মেমোরেন্ডাম চূড়ান্ত করছেন। যার মাধ্যমে যুক্তরাষ্ট্রে অবৈধভাবে থাকা ব্যক্তিদের রেমিট্যান্স পাঠানোর সুযোগ পুরোপুরি বন্ধ করা হবে।

দ্য এসোসিয়েট প্রেস 'এপি'র প্রতিবেদনে রেমিট্যান্স বিশ্লেষকদের বরাত দিয়ে বলা হয়, এ ধরনের কর আরোপ বা নিষেধাজ্ঞা দিলে যে সমস্ত পরিবার রেমিটেন্সের ওপর নির্ভর করে, তারা ক্ষতিগ্রস্ত হবে। উল্টোভাবে আরো বেশি অবৈধ অভিবাসনকে উসকে দিতে পারে। এমনকি এ কর যুক্তরাষ্ট্রে বসবাসরত অভিবাসী ৪ কোটিরও বেশি মানুষকে নেতিবাচকভাবে প্রভাবিত করবে। নন সিটিজেন গ্রিন কার্ডধারী এবং এইচ-১বি, এইচ-২এ, ও এইচ-২বি ভিসাধারীরা অন্তর্ভুক্ত।

টাইমস অব ইন্ডিয়া প্রতিবেদনে জানায়, যুক্তরাষ্ট্র থেকে রেমিট্যান্স প্রেরণে কর কার্যকর হলে সবচেয়ে বেশি প্রভাব পড়বে ভারতীয় অভিবাসীদের মধ্যে। যুক্তরাষ্ট্রে প্রায় ৪৫ লক্ষ ভারতীয় রয়েছেন, যার মধ্যে ৩২ লক্ষ ভারতীয় বংশোদ্ভূত এবং তাদের কয়েক লক্ষাধিক নন *১২-এর পৃষ্ঠায় দেখুন*



প্রোস্টেট ক্যানসারে আক্রান্ত জো বাইডেন, ছড়িয়ে পড়ছে দ্রুত

বাংলা পত্রিকা রিপোর্ট: ৮২ বছর বয়সী সাবেক যুক্তরাষ্ট্র প্রেসিডেন্ট জো বাইডেনের শরীরে প্রোস্টেট ক্যানসার ধরা পড়েছে। ক্যানসার তার হাড়েও ছড়িয়ে পড়েছে *৭-এর পৃষ্ঠায় দেখুন*

পিউ রিসার্চের পরিসংখ্যান নিয়ে ভিন্নমত কমিউনিটিতে
যুক্তরাষ্ট্রে বাংলাদেশিদের সংখ্যা ৩ লাখ!
নিউইয়র্কে থাকেন লক্ষাধিক

- পরিবার প্রতি বার্ষিক গড় আয় ৭৮,৪০০ ডলার
- ৫১ শতাংশের রয়েছে উচ্চতর ডিগ্রি
- ৫৬ শতাংশ ইংরেজি ভাষায় দক্ষ



বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে বাংলাদেশিদের সংখ্যা প্রায় তিন লাখ। এর মধ্যে ১ লাখ ১৫ হাজার বাংলাদেশি নিউইয়র্কে বসবাস করছেন। বাংলাদেশী প্রতি পরিবারের গড় আয় বার্ষিক ৭৮,৪০০ ডলার, যা দক্ষিণ এশিয়ার অন্যান্য দেশের নাগরিকদের আয়ের চেয়ে প্রায় ৩০ শতাংশ কম। ৫১ শতাংশ বাংলাদেশি আমেরিকানের রয়েছে উচ্চতর ডিগ্রি। তবে এদেশে জন্মগ্রহণকারী বাংলাদেশী বংশোদ্ভুতদের চেয়ে অভিবাসী বাংলাদেশিদের মধ্যে শিক্ষার হার কিছুটা কম। বাংলাদেশী ৫৬ শতাংশ ইংরেজি ভাষায় দক্ষ। সম্প্রতি যুক্তরাষ্ট্রভিত্তিক গবেষণা প্রতিষ্ঠান পিউ *৭-এর পৃষ্ঠায় দেখুন*

বহিষ্কার আদেশ উপেক্ষা
নারীকে ১.৮২ মিলিয়ন ডলার জরিমানা!

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র বসবাসরত তিন সন্তানের জননী আনডকুমেন্টেড এক নারীকে ১.৮২ মিলিয়ন ডলার জরিমানা করেছে যুক্তরাষ্ট্র ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট। ফ্লোরিডায় বসবাসকারী ৪০ বছর বয়সী ওই নারীকে জরিমানা আরোপ করে একটি নোটিশ দিয়েছে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট। এমনটি প্রতিবেদনে জানিয়েছে সিবিএস নিউজ।

বহিষ্কারাদেশ পাওয়ার পর ২০০৫ সালের এপ্রিল থেকে এখন পর্যন্ত যুক্তরাষ্ট্রে অবস্থান করায় এই পরিমাণ জরিমানার হিসাব করা হয়েছে। তাকে ১৮ লাখ ২১ হাজার ৩৫০ ডলার জরিমানা আরোপ করা হয়েছে।

'এলিয়েন এনিমিজ অ্যাক্টে বহিষ্কার' খারিজ করলো সুপ্রিম কোর্ট

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র থেকে অবৈধ অভিবাসীদের এলিয়েন এনিমিজ আইন ব্যবহার করে বহিষ্কারের কার্যক্রম খারিজ করে দিলেন সুপ্রিম কোর্ট।

ট্রাম্পের ক্ষোভ



সুপ্রিম কোর্ট শুক্রবার একটি রায়ে ডোনাল্ড ট্রাম্প প্রশাসন কর্তৃক ১৭৯৮ সালের বিদেশি শত্রু আইন ব্যবহার করে ভেনেজুয়েলান নাগরিকদের দ্রুত বহিষ্কারের প্রচেষ্টা বন্ধ করে দিয়েছে। মামলাটি এখন ফেরত পাঠানো হয়েছে ৫ম সার্কিট কোর্ট অব আপিলসে। তবে এ রায়ে প্রেসিডেন্ট ট্রাম্প ক্ষোভ প্রকাশ করে নিজের ট্রুথ সোশ্যালে পোস্ট করেন " সুপ্রিম কোর্ট আমাদের দেশ থেকে অপরাধীদের বের করে দিতে দিচ্ছে না!" *১২-এর পৃষ্ঠায় দেখুন*

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs Inquiries Collections
Garnishment Bankruptcy Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

যুক্তরাষ্ট্রে শরণার্থী মর্যাদা পেলেন শ্বেতাঙ্গ দক্ষিণ আফ্রিকানরা

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে অভিবাসী বিরোধী কঠোর অবস্থানের মধ্যে শুধুমাত্র শ্বেতাঙ্গ দক্ষিণ আফ্রিকানদেরকেই শরণার্থী মর্যাদা দিলো ট্রাম্প প্রশাসন। সোমবার দক্ষিণ আফ্রিকার ৫৯ জন শ্বেতাঙ্গ নাগরিক শরণার্থী মর্যাদায় প্রথম ধাপে যুক্তরাষ্ট্রে এসে পৌঁছেছেন। দক্ষিণ আফ্রিকা থেকে তাদের আমেরিকান অর্থায়নে একটি বিমানে যুক্তরাষ্ট্রের ওয়াশিংটনে আনা হয়।

যেখানে অন্য শরণার্থীদের যুক্তরাষ্ট্র থেকে বিতাড়িত করা হচ্ছে অথবা প্রবেশে বাধা দেওয়া হচ্ছে, সেখানে ট্রাম্প প্রশাসন দক্ষিণ আফ্রিকার শ্বেতাঙ্গ আফ্রিকানার শরণার্থীদের সাদরে গ্রহণ *৮-এর পৃষ্ঠায় দেখুন*

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
প্রাইভেট অকশনের বাড়ি
পাবলিক অকশনের বাড়ি
ব্যাংক মালিকানা বাড়ি
শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

অস্থিরতা কাটছে না দেশের শিক্ষাঙ্গনে

ঢাকা ডেস্ক: শিক্ষাপ্রতিষ্ঠাগুলোতে অস্থিরতা থামছেই না। একের পর এক আন্দোলনে স্থবির হয়ে পড়ছে ক্যাম্পাসগুলো। নানান দাবিতে মাঠে থাকছে শিক্ষার্থীরা।

ঢাকার দুই বিশ্ববিদ্যালয় ঢাকা বিশ্ববিদ্যালয় ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা সড়কে। প্রায়শই বিবাদে জড়িয়ে পড়ছে ঢাকা কলেজ ও ঢাকা সিটি কলেজ। সাত কলেজের শিক্ষার্থীদের স্বতন্ত্র বিশ্ববিদ্যালয়ের দাবিতে চলমান আন্দোলনও মাঝে মধ্যেই মাথা চাড়া দিচ্ছে। পলিটেকনিক ইন্সটিটিউশনগুলো দীর্ঘদিন ধরে অচল। দাবি আদায়ে সড়কে বেশ কয়েকবার নামেন ডিপ্লোমা নার্সিং শিক্ষার্থীরা। খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং বরিশাল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা ভিসি অপসারণের দাবিতে আন্দোলন করে সফল হন। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতেও প্রায়শই আন্দোলন হচ্ছে। এপ্রিলে আন্দোলনের মুখে পদত্যাগ করেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির ভিসি, ডিন ও বিভাগীয় প্রধানরা। আন্দোলনে রয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকরা।

সম্প্রতি শাহরিয়ার আলম সাম্য হত্যাকাণ্ডকে কেন্দ্র করে ফের অস্থির ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। গত ১৩ই মে সোহরাওয়ার্দী উদ্যানে দুর্বৃত্তদের ছুরিকাঘাতে নিহত হয় ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী এবং ছাত্রদল নেতা সাম্য। মুহূর্তে ফুঁসে ওঠে সাধারণ শিক্ষার্থীরা এবং জাতীয়তাবাদী ছাত্রদল। ছাত্রদল এবং বাম সংগঠনের নেতাকর্মীদের সেই থেকেই মাঠে বেশ শক্ত অবস্থান নিতে দেখা গেছে।


সাম্য হত্যাকাণ্ডের পরেই ভিসি এবং প্রক্টরকে দায়ী করে ছাত্রদল ও বাম সংগঠনগুলো। এমনকি ভিসির সঙ্গে কথা-কাটাকাটিও হয়েছে তাদের।

এদিকে ১৫ই মে, বাম সংগঠন এবং ছাত্রদলের নেতাকর্মীরা বিশ্ববিদ্যালয় বিভিন্ন ভবনের তালা দেয়ায় বিপাকে পড়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন এবং শিক্ষার্থীরা। উপরন্তু অভিযোগ এসেছে লাইব্রেরিতে অধ্যয়নরত অবস্থায়ও সকলকে বেরিয়ে যেতে বলেছে বাম এবং ছাত্রদলের নেতাকর্মীরা। যদিও তাদের পক্ষ থেকে এটি অস্বীকার করা হয়েছে।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) শিক্ষক-শিক্ষার্থীরা টানা তৃতীয় দিনের মতো আন্দোলন চালিয়ে যাচ্ছেন। জবি সংবাদদাতা জানান, অবস্থান কর্মসূচির পাশাপাশি শিক্ষার্থীদের অনশন কর্মসূচি পালন করে যাবেন। অনশন কর্মসূচিতে বর্তমান শিক্ষার্থীদের পাশাপাশি সাবেক শিক্ষার্থীরাও অংশগ্রহণ করেছেন।

এর আগে বেশ কয়েকবার বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউসিজি)'র সঙ্গে কয়েকদফা বৈঠক করেও কোনো সুরাহা না হওয়ায় বুধবার প্রধান উপদেষ্টার কার্যালয় যমুনা বরাবর লংমার্চ কর্মসূচি ঘোষণা করেন শিক্ষার্থীরা। 'শান্তিপূর্ণ' অবস্থান কর্মসূচিতে পুলিশের হামলায় শিক্ষক, ছাত্র, সাংবাদিকসহ অনেকেই আহত হন। গণ-অবস্থান কর্মসূচি চলাকালীন সাংবাদিকদের সঙ্গে সাক্ষাৎকালে উপদেষ্টা মাহফুজ আলমের ওপর বোতল নিক্ষেপের ঘটনা ঘটে।

তিন দফা দাবিতে আন্দোলন শুরু হলেও পরবর্তীতে হামলাকারী পুলিশ সদস্যদের বিচারের দাবিতে একদফা বৃদ্ধি করা হয়। ফলে মোট চার দফা দাবিতে শিক্ষক-শিক্ষার্থীদের আন্দোলন চলমান রয়েছে। দুই দিনের অবস্থান কর্মসূচির পর শুক্রবার তৃতীয় দিনের মতো আন্দোলন চলমান রয়েছে। শিক্ষার্থীদের তিন ৫-এর পৃষ্ঠায় দেখুন



অভ্যুত্থানের ৯ মাস পরও কাঙ্ক্ষিত পরিবর্তন এখনো অনেকটা অধরা রয়ে গেছে বলে তাদের প্রতিবেদনে মন্তব্য করেছে দ্য ইকোনমিস্ট।

অভ্যুত্থানের ৯ মাস পেরোলেও কাঙ্ক্ষিত পরিবর্তন অধরা

ঢাকা ডেস্ক: অভ্যুত্থানের ৯ মাস পার হলেও কাঙ্ক্ষিত রাজনৈতিক ও প্রাতিষ্ঠানিক পরিবর্তন থেকে বাংলাদেশ দূরেই অবস্থান করছে। শেখ হাসিনা সরকার পতনের পর অন্তর্বর্তীকালীন সরকারের নেতৃত্বে সংস্কার প্রক্রিয়া শুরু হলেও নানা জটিলতা ও মতবিরোধের ফলে অগ্রগতি ব্যাহত হচ্ছে। নির্বাচন, বিচারব্যবস্থা ও সংবিধান সংস্কারে একাধিক কমিশন কাজ করলেও জাতীয় ঐকমত্য গড়ে তোলা কঠিন হয়ে পড়েছে। হাসিনার শাসনামলের নিপীড়নের পুনরাবৃত্তি রোধ করতে রাজনৈতিক বিভাজন ভুলে সব দলের পক্ষ থেকেই গণতান্ত্রিক সংস্কারের দাবি জোরালো হচ্ছে। কিন্তু অভ্যুত্থানের ৯ মাস পরও কাঙ্ক্ষিত পরিবর্তন এখনো অনেকটা অধরা রয়ে গেছে বলে মন্তব্য করেছে বৃটেনের শক্তিশালী সাপ্তাহিক ম্যাগাজিন দ্য ইকোনমিস্ট।

এতে বলা হয়, গত ১৬ বছর ধরে একটানা 'ভূমিকম্পে' কাঁপছে বাংলাদেশ। এ কথা বলেছেন মাইক্রোক্রেডিটের পথ প্রদর্শক ও শান্তিতে নোবেলজয়ী প্রফেসর ড. মুহাম্মদ ইউনূস। তার এই মন্তব্য আওয়ামী লীগ ও শেখ হাসিনার কর্তৃত্ববাদী শাসনের প্রতি ইঙ্গিত করে, ২০২৪ সালের আগস্টে ব্যাপক গণ-অভ্যুত্থানের মাধ্যমে আওয়ামী সরকারের পতন ১২-এর পৃষ্ঠায় দেখুন

আমার সন্তানের শিক্ষা সম্পর্কে আমি বাংলায় অবহিত হতে পারি কি?

Can I be informed about my child's education in Bangla?

NYC Public Schools
Delivering for you. Every day. Everywhere.

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো আপনার ভাষায় কথা বলে!

NYC Public Schools Speak Your Language!

আপনার প্রয়োজন অনুযায়ী সহায়তা পেতে আপনি বিনা খরচে অনুবাদ এবং দোভাষী পরিষেবার অনুরোধ করতে পারেন।

You can request free translation and interpretation services to get the help you need.

আরো জানুন | Learn more

on.nyc.gov/Hello /nycschools 311



নিউইয়র্ক: সংবাদ সম্মেলনে বক্তব্য রাখছেন বিশ্বজিৎ সাহা

সকল প্রস্তুতি সম্পন্ন : প্রধান অতিথি ফিলিস টেইলর : উদ্বোধক সাদাত হোসাইন

নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২৩-২৬ মে

বিশেষ প্রতিনিধি: আগামী ২৩-২৬ মে পর্যন্ত নিউইয়র্কে অনুষ্ঠিত হচ্ছে নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা-২০২৫। বিগত কয়েক বছরের মতো এবারের বইমেলাও অনুষ্ঠিত হবে জামাইকা পারফর্মিং আর্টস সেন্টারে। মেলার প্রস্তুতি নিয়ে আয়োজিত সংবাদ সম্মেলনে বিস্তারিত তুলে ধরে বলা হয়- এবারের ৩৪তম বইমেলার প্রধান অতিথি থাকবেন বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন আমেরিকান বন্ধু ফিলিস টেইলর। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বরেণ্য ব্যক্তিত্ব ড. রেহমান সোবহান, কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক গায়ত্রী চক্রবর্তী স্পিভাক এবং অধ্যাপক রওনক জাহান। উদ্বোধন করবেন কবি ও ঔপন্যাসিক সাদাত হোসাইন। মেলায় ২০টির মতো প্রকাশনা সংস্থা যোগ দিচ্ছে।

বইমেলার আয়োজক প্রতিষ্ঠান মুক্তধারা ফাউন্ডেশন শুক্রবার (১৬ মে) জ্যাকসন হাইটসের নবান্ন পার্টি হলে আয়োজিত জনাকীর্ণ এক সংবাদ সম্মেলনে সভাপতিত্ব করেন বইমেলার আহবায়ক 'ভয়েস অব আমেরিকার খ্যাত সাংবাদিক' রোকেয়া হায়দার। এবং সম্মেলন পরিচালনা করেন মুক্তধারা ফাউন্ডেশনের সিইও বিশ্বজিৎ সাহা। এতে বক্তব্য রাখেন ফাউন্ডেশনের চেয়ারপারসন অধ্যাপক ডা. জিয়াউদ্দীন আহমেদ, উপদেষ্টা ড. নজরুল ইসলাম, গোলাম ফারুক ভূঁইয়া, সৌদ চৌধুরী এবং ওবায়দুল্লাহ মামুন।

সংবাদ সম্মেলনে আয়োজকরা বলেন, তিন দশকেরও বেশি সময় ধরে আয়োজিত নিউইয়র্ক বইমেলা শুধু বইয়ের প্রদর্শনী নয়, এটি বাংলা ভাষা, সংস্কৃতি ও মুক্তিযুদ্ধের চেতনার ধারক-বাহক হিসেবে প্রতিষ্ঠিত। তবে, শুধুমাত্র রাজনৈতিক উদ্দেশ্যে কেউ কেউ বইমেলাকে বিতর্কিত করার চেষ্টা করছেন, যা দুঃখজনক। বক্তারা জোর দিয়ে বলেন, 'মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও বঙ্গবন্ধু' এই শব্দগুলো কোনো বিতর্কের বিষয় নয় বরং এগুলো জাতির অহংকার। ১৯৯২ সালে 'বাঙালীর চেতনা মঞ্চ' ও 'মুক্তধারা নিউইয়র্ক'-এর যৌথ উদ্যোগে বইমেলার সূচনা





The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

শিক্ষাঙ্গনে অস্থিরতা

দেশের শিক্ষাপ্রতিষ্ঠানগুলোতে শিক্ষার স্বাভাবিক পরিবেশ কবে ফিরে আসবে, সেটা এক বড় প্রশ্ন হয়ে দেখা দিয়েছে। নানা কারণে একের পর এক বিশ্ববিদ্যালয় অস্থির হয়ে উঠছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ে টানা ২৯ দিনের আন্দোলনের পর উপাচার্য ড. শুচিতা শরমিনকে অব্যাহতি দেওয়া হয়েছে। নতুন উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন ড. মোহাম্মদ তৌফিক আলম। এতে কি বরিশাল বিশ্ববিদ্যালয়ে কিছুটা স্বস্তি ফিরবে? চাপের মুখে উপাচার্য পরিবর্তনে কি শিক্ষা-সংকট মিটবে?

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (কুয়েট) তিন মাস ধরে চলছে অস্থিরতা। ঢাকার প্রাণকেন্দ্রে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদল নেতা শাহরিয়ার আলম সাম্য নিহত হওয়ার পর বন্ধ হয়ে গেছে ক্লাস-পরীক্ষা। উত্তপ্ত হয়ে আছে পুরো ক্যাম্পাস। একটানা প্রতিবাদ, গণজমায়েত, মিছিল। একই চিত্র জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে। 'কমপ্লিট শাটডাউন' চলছে। ছাত্রদের তিন দফা দাবিতে প্রধান উপদেষ্টার কার্যালয় ঘেরাও, তথ্য উপদেষ্টা মাহফুজ আলমের মাথায় বোতল ছুড়ে মারা-এসব ঘটনা পরিস্থিতিকে আরও জটিল করে তুলেছে।

শিক্ষাপ্রতিষ্ঠানগুলো আজ আর শুধু পড়াশোনার জায়গা নয়, বরং ক্ষমতা ও প্রতিরোধের রণক্ষেত্রে পরিণত হয়েছে। জুলাই-আগস্টের ছাত্র অভ্যুত্থান শুধু একটি সরকারের পতন ঘটায়নি, ছাত্রদের মনোজগতে গভীর প্রভাব ফেলেছে। সংগঠিত হলে তাঁরা অনেক কিছু পাল্টে দিতে পারেন-এই উপলব্ধি একদিকে যেমন রাজনৈতিক সচেতনতা ও শক্তি, অন্যদিকে কখনো কখনো তা হয়ে উঠছে লাগামহীন প্রত্যাখ্যানের প্রবণতা। ছাত্রদের একটি অংশ আজ কোনো নিয়ম কিংবা প্রাতিষ্ঠানিক শৃঙ্খলা মানতে চায় না।

দেশের শিক্ষাব্যবস্থায় দীর্ঘদিনের অবহেলা, সংস্কারহীনতা, রাজনৈতিক হস্তক্ষেপ ও দায়িত্বহীন প্রশাসনিক আচরণই এই অস্থিরতার পেছনে প্রধান কারণ। সংকট তীব্র হলে উপাচার্য বদল, সাময়িক প্রতিশ্রুতি-এসব হয়তো আগুন নিভিয়ে রাখে কিছুদিন, কিন্তু চুল্লিতে জমা পড়ে থাকা ক্ষোভ একসময় আবার বিস্ফোরিত হয়।

দেশের কোথাও এখন আর স্থায়ী শান্তি নেই শিক্ষাঙ্গনে। অথচ পড়াশোনা, গবেষণা, জ্ঞানচর্চা-এসবই শিক্ষার মূল ভিত্তি। সব জায়গায় সংস্কারের কথা শোনা যায়-প্রশাসনিক, অর্থনৈতিক, এমনকি রাজনৈতিক সংস্কারের কথাও বহুল শ্রুত। কিন্তু শিক্ষা সংস্কার নিয়ে কোনো সিরিয়াস পদক্ষেপ চোখে পড়ে না। কোথাও কি জাতীয়ভাবে আলোচনা হচ্ছে-আমরা কেমন শিক্ষা চাই? শিক্ষার লক্ষ্য কী? আমাদের বিশ্ববিদ্যালয়গুলো কী রকম নাগরিক তৈরি করবে? এসব প্রশ্নের উত্তর না খুঁজে আমরা শুধু আগুন নেভাচ্ছি, সমস্যার শিকড় উপড়ে ফেলছি না। আজ প্রয়োজন সাহসী, দূরদর্শী সিদ্ধান্ত। শিক্ষাঙ্গনকে শিক্ষার জায়গা করে তুলতে হবে। রাজনৈতিক সচেতনতার সঙ্গে মেধা, যুক্তি, চিন্তা ও সংলাপের চর্চাকেন্দ্রে পরিণত করতে হবে। শিক্ষক-শিক্ষার্থী-প্রশাসন-সব পক্ষকে নিয়ে একটি জাতীয় সংলাপ জরুরি। না হলে আজ বরিশাল, কাল খুলনা, পরশু ঢাকা-এই স্রোত একদিন কোথায় গিয়ে ঠেকবে, আমরা কেউ জানি না। হয়তো সেদিন 'শিক্ষা' শব্দটাই মুছে যাবে আমাদের অভিধান থেকে। এখনই সময় জেগে ওঠার, শিক্ষা নিয়ে ভাবার এবং ভাবনা থেকে কাজ শুরু করার।



সমকালীন প্রসঙ্গ

ব্যবস্থার পাশাপাশি মানুষ সংস্কারেও উদ্যোগ প্রয়োজন



মো. সাইফুজ্জামান

গত জুলাই-আগস্টের ছাত্র-জনতার অভ্যুত্থান পরবর্তী বাংলাদেশের জনগণের চোখে নতুন দেশের একটি ছবি ভেসে বেড়িয়েছে। এখনও সে ছবি আছে, তবে তা সময়ের সঙ্গে সঙ্গে ফিকে হতে শুরু করেছে। ইতোমধ্যে দেশ পুনর্গঠনের লক্ষ্যে বর্তমান অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে নানা সংস্কার কমিশন গঠন করা হয়েছে। এখন এসব সংস্কার কমিশনের সুপারিশ বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠার কাজ শুরু হয়েছে বেশ গুরুত্ব দিয়ে। দেখে মনে হচ্ছে কমিশনের সুপারিশগুলোতে ঐকমত্য পোষণ করলেই দেশ সংস্কার হয়ে যাবে আর মানুষের জীবনে নেমে আসবে অবারিত প্রশান্তি। কিন্তু এসব সুপারিশ কে বা কারা বাস্তবায়ন করবেন? এর জন্য তো সব ধরনের সংস্কারমুক্ত ন্যায়পরায়ণ নীতিবান মানুষ প্রয়োজন। সেই মানুষ হয়ে ওঠার কারখানা তথা শিক্ষা ব্যবস্থার সংস্কার উদ্যোগ কোথায়?

সংস্কার মানে কি শুধু কিছু আইন ও বিধি ব্যবস্থার পরিবর্তন? পুরোনো সংবিধান বাতিল করে নতুন সংবিধান প্রণয়ন করলেই কি সব সমস্যার সমাধান হয়ে যাবে? মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে অর্জিত স্বাধীনতায় যে জনআকাঙ্ক্ষা ছিল; তার অনেক কিছুই তো সংবিধানে ছিল এবং আছে। যেমন- সাম্য, ন্যায়বিচার, মানবিক মর্যাদাবোধ কিংবা আইনের চোখে সবাই সমান। বিগত সময়ে এসবের কোনো বাস্তবায়ন ছিল কি দেশে? ছিল না বলেই ২০২৪-এ এসে বহু মানুষের জীবনের বিনিময়ে আরেকটি গণঅভ্যুত্থানের ঘটনা ঘটেছে। তাহলে বিগত সময়ের আলোকে দেখা যাচ্ছে, শুধু আইন বা বিধি ব্যবস্থার পরিবর্তনের মধ্য দিয়ে জনগণের কাঙ্ক্ষিত মুক্তি বা রাষ্ট্র বিনির্মাণ সম্ভব নয়। কেন সম্ভব নয়, সেই বিষয়টি নিয়ে একটু আলোচনা করা যাক।

রাষ্ট্রে আইনশৃঙ্খলা রক্ষার জন্য পুলিশ বাহিনী অত্যাবশ্যকীয় একটি অংশ। এর সংস্কার ছাড়া উদার, গণতান্ত্রিক ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণ সম্ভব নয়। এখন সরকার থেকে পুলিশের কার্যক্রম কেমন হবে, পুলিশ কী কী করতে পারবে আর কী কী করতে পারবে না- এসব নিয়ম-নীতি সংস্কার করে দেওয়া হলো। আরও ঠিক করে দেওয়া হলো যে, পুলিশ তার নিয়মের বাইরে গিয়ে কোনো কাজ করতে পারবে না, ঘুষ গ্রহণ করতে পারবে না, পুলিশের পোশাক পরিবর্তন করে দেওয়া হলো। এমন অনেক বিষয় পুলিশ বাহিনী পরিচালনার নিয়মনীতির মধ্যে যুক্ত করে দিয়ে এর সংস্কার কার্যক্রম সম্পন্ন করা হলো। এখন তাহলে আমরা আশা করতে পারি যে, পুলিশ আর কখনও কোনো প্রকার অনিয়ম বা অপরাধ করবে না।

অন্যদিকে যদি নির্বাচন কমিশনের সংস্কারের কথা বলি, তাহলেও কমিশনার নিয়োগের আইন থেকে শুরু করে খুঁটিনাটি সব কিছু এমনভাবে সংস্কার করা হলো যে আর অনিয়ম করার সুযোগ থাকল না। তাহলে কি সর্বজন গ্রহণযোগ্য, প্রতিযোগিতাপূর্ণ, অংশগ্রহণমূলক, নিরপেক্ষ নির্বাচন নিশ্চিত হবে? এ ধরনের সংস্কারের ফলে কিন্তু একটা অনিশ্চয়তা বা সন্দেহ থেকেই যায়। কেননা এ ক্ষেত্রে অনেক 'যদি'র ওপর নির্ভর করতে হবে কাঙ্ক্ষিত সাফল্য পাওয়ার জন্য। সেটি কেমন? এখানে একটু আলোচনা করা দরকার। প্রথমে কয়েকটি 'যদি' নিয়ে আলোচনা করা যাক। প্রথম 'যদি' হচ্ছে যারা বা যিনি নির্বাচন কমিশনার বা পুলিশের বিভিন্ন পদে যুক্ত হবেন, প্রত্যেককে নিজের দায়িত্বের প্রতি যত্নবান এবং সৎ হবে হবে। নির্বাচনে অংশগ্রহণকারী সব রাজনৈতিক দলের মধ্যে 'যদি' গণতান্ত্রিক চর্চা থাকে; 'যদি' সব দলের প্রার্থীরা অর্থ ও পেশি শক্তির ব্যবহার না করেন; 'যদি' আইনশৃঙ্খলা



রক্ষার দায়িত্বে পুলিশ বাহিনী নিরপেক্ষতার সঙ্গে নিজ নিজ দায়িত্ব পালন করে; 'যদি' প্রশাসনের সব স্তরের কর্মচারীরা চাকরি বিধি মেনে দায়িত্ব পালন করেন এবং সৎ থাকেন; 'যদি' বিচার বিভাগ সব দল ও মতের ঊর্ধ্বে থেকে নিরপেক্ষতার সঙ্গে ও স্বাধীনভাবে কাজ পরিচালনা করতে পারে, 'যদি' সাংবাদিক, ব্যবসায়ী ও জনগণ দায়িত্ববান হন এবং ব্যক্তিজীবনে নীতি ও নৈতিকতা মেনে চলেন, তাহলে এ ধরনের সংস্কার তথা আইনকানুন ও বিধি-ব্যবস্থার সংস্কারের মাধ্যমে ২০২৪ সালের ছাত্র-জনতার আকাঙ্ক্ষার বাংলাদেশ বির্নিমাণ সম্ভব হবে। এখন প্রশ্ন হচ্ছে, এতগুলো 'যদি'র পরিপূর্ণ বাস্তবায়ন কি সম্ভব? আসল কথা হলো, এসব আইন, বিধিবিধান তো আর জনগণকে কোনো সেবা দিতে পারবে না।

এগুলো তো কিছু লিখিত কাগজ মাত্র। এসবের তো নিজে থেকে কিছু করার ক্ষমতা নেই। মূলত এগুলো অনুসরণ করে জনগণকে সেবা দিয়ে থাকে মানুষ। সেই যোগ্য, নীতিবান, দায়িত্বশীল মানুষ তথা নাগরিক তৈরির উদ্যোগ কোথায়? যেখানে সমাজের বেশির ভাগ মানুষ ব্যক্তিগত সুযোগ-সুবিধার জন্য এমন কোনো কাজ নেই, যা সে করে না। যে সমাজে একজন নৈতিক ও মানবিক মানুষ খুঁজে পাওয়া বড় কঠিন কাজ, সেখানে শুধু বিধি ব্যবস্থা ও আইনকানুনের সংস্কার করলে কি চলবে? এর সঙ্গে সঙ্গে যোগ্য নাগরিক তথা মানুষ তৈরির ব্যবস্থাও করতে হবে। যদি যোগ্য, দায়িত্ববান, নৈতিক ও মানবিক মানুষ তৈরির ব্যবস্থা রাষ্ট্রে নিশ্চিত না করা যায়, তাহলে কোনো সংস্কারই জনআকাঙ্ক্ষা পূরণে কাজে আসবে না- এটা নিশ্চিত করে বলা যায়।

শিশু একটি পরিবারে জন্মগ্রহণ করে ঠিকই কিন্তু সে বড় হয় সমাজে ও সামাজিক প্রতিষ্ঠান তথা স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালগুলোর মধ্য দিয়ে। মানবসন্তান প্রকৃত মানুষ হয়ে ওঠে শিক্ষাপ্রতিষ্ঠানের মাধ্যমে। এসব মানুষ তৈরির কারখানা তথা সামাজিক প্রতিষ্ঠান বিশেষ করে শিক্ষা ব্যবস্থার সংস্কার জরুরি। মানুষ তৈরির কারখানা সংস্কারে দরকার দীর্ঘমেয়াদি পরিকল্পনা। এখন পর্যন্ত যেসব কমিশন হয়েছে, সেগুলোর প্রয়োজন রয়েছে। পাশাপাশি যে সংস্কার কার্যক্রমের প্রয়োজন সবচেয়ে বেশি; সেই শিক্ষা ব্যবস্থার সংস্কারের কোনো উদ্যোগ চোখে পড়ছে না। তাহলে কি যে কারণে ১৯৭১-এর মুক্তিযুদ্ধের মূল চেতনার বাংলাদেশ তথা সাম্য, মানবিক মর্যাদা ও সামাজিক ন্যায়বিচারের দেশ বির্নিমাণ সম্ভব হয়নি; সেই একই কারণে ২০২৪-এর গণঅভ্যুত্থান পরবর্তী জনআকাঙ্ক্ষার বাংলাদেশের স্বপ্ন কি স্বপ্নই থেকে যাবে এ জনপদের সাধারণ জনগণের?

মো. সাইফুজ্জামান: শিক্ষাবিষয়ক উন্নয়নকর্মী

অস্থিরতা কাটছে না দেশের শিক্ষাঙ্গনে



২-এর পৃষ্ঠায় পর

দাবি হলো- আবাসন ব্যবস্থা নিশ্চিত না হওয়া পর্যন্ত জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ৭০% শিক্ষার্থীর জন্য আবাসন বৃত্তি ২০২৫-২৬ অর্থবছর থেকে কার্যকর করতে হবে; জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৫-২৬ অর্থবছরের জন্য প্রস্তাবিত পূর্ণাঙ্গ বাজেট কাটছাঁট না করেই অনুমোদন করতে হবে; জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় ক্যাম্পাসের কাজ পরবর্তী একনেক সভায় অনুমোদন করে অগ্রাধিকার প্রকল্পের আওতায় বাস্তবায়ন করতে হবে।

একাডেমিক কার্যক্রম শুরু, নিরপেক্ষ নতুন তদন্ত কমিটি গঠন ও পাঁচ দফা দাবি বাস্তবায়নে রোডম্যাপ ঘোষণার দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে অবস্থান নিয়ে আবারো আন্দোলনের ঘোষণা দিয়েছেন খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীরা।

বৃহস্পতিবার দুপুরে বিভিন্ন স্লোগানে স্লোগানে শিক্ষার্থীরা প্রশাসনিক ভবনের সামনে আসেন। পরে ভেতরে প্রবেশ করে ফ্লোরে বসে পড়েন তারা। শিক্ষার্থীরা জানান, শিক্ষকদের লাঞ্ছিত করাসহ বিভিন্ন অভিযোগ তুলে গত সোমবার ৩৭ শিক্ষার্থীকে কারণ দর্শানোর নোটিশ দেয় কুয়েট কর্তৃপক্ষ। ১৫ই মে বিকাল ৫টার মধ্যে নোটিশের জবাব দিতে বলা হয়েছে। অথচ তাদের বিরুদ্ধে যে অভিযোগ তোলা হয়েছে তা ভিত্তিহীন। এ সময় তদন্ত কমিটির বিরুদ্ধে প্রহসনের অভিযোগ তুলেছেন তারা।

কুয়েটের নবনিযুক্ত অন্তর্বর্তী ভিসি-শিক্ষার্থী ও শিক্ষকদের সঙ্গে আলাদাভাবে বৈঠক করলেও সংকট নিরসন হয়নি। এ নিয়ে টানা ৮৬ দিন শিক্ষা কার্যক্রম বন্ধ আছে।

উল্লেখ্য, ক্যাম্পাসে ছাত্র রাজনীতি বন্ধের দাবি নিয়ে দ্বন্দ্বের জের ধরে গত ১৮ই ফেব্রুয়ারি ছাত্রদলের নেতাকর্মী ও বহিরাগতদের সঙ্গে শিক্ষার্থীদের সংঘর্ষে দেড় শতাধিক আহত হন। ওইদিন কিছু সংখ্যক শিক্ষার্থী কুয়েটের অপসারিত ভিসি এবং প্রো-ভিসিকে মেডিকেল সেন্টারে অবরুদ্ধ করে রাখেন। এ ঘটনার পর থেকে কুয়েটে ক্লাস, পরীক্ষাসহ একাডেমিক সব কার্যক্রম বন্ধ রয়েছে। এরপর বেশ কয়েকদিন ধরেই চলে অস্থিরতা। এরপর শিক্ষার্থীদের দাবির প্রেক্ষিতে অন্তর্বর্তী সরকার ভিসিকে অপসারণ করেন।

নারী হেনস্তা ও সমকামিতায় অভিযুক্ত ইসলামী বিশ্ববিদ্যালয়ের ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষক হাফিজুল ইসলামের স্থায়ী বরখাস্তের দাবিতে আন্দোলন চলছে ইসলামী বিশ্ববিদ্যালয়ে। বিশ্ববিদ্যালয়টির প্রতিনিধি জানান, শুক্রবার বিকাল ৩টায় বিশ্ববিদ্যালয়ের ইবনে সিনা ভবনে তারা অবস্থান কর্মসূচি পালন করেন। এর আগে সকাল ১০টা থেকে রবীন্দ্র-নজরুল ভবনের গগন হরকরা মিলনায়তনে ২ ঘণ্টাব্যাপী ওই শিক্ষকের অভিযোগ ও শাস্তি পর্যালোচনার জন্য ময়মনসিংহ রেঞ্জের উপ-মহা পুলিশ পরিদর্শক (ডিআইজি) ড. আশরাফুর রহমানের সঙ্গে শিক্ষার্থীদের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। পরে বাদ জুমা ফের শিক্ষার্থীদের সঙ্গে মতবিনিময় সভার কথা থাকলেও শিক্ষার্থীরা তা প্রত্যাখ্যান করেন।

শিক্ষার্থীরা জানান, এর আগে তদন্ত কমিটির কছে ভুক্তভোগীর জবানবন্দি দিয়েছে। তদন্তে হাফিজের অভিযোগ প্রমাণিত হয়েছে। কিন্তু এর পরেও তাকে স্থায়ী বহিষ্কার না করে আবারো তদন্ত কমিটি গঠন করে শিক্ষার্থীদের সঙ্গে প্রহসন করা হয়েছে। এ বিষয়ে ময়মনসিংহ রেঞ্জের উপ-মহা পুলিশ পরিদর্শক (ডিআইজি) ড. আশরাফুর রহমান বলেন, যেহেতু বিষয়টি সাব-জুডিস অবস্থায় আছে সেহেতু কোনো মন্তব্য করবো না।

প্রসঙ্গত, গত বছরের ৭ই অক্টোবর হাফিজুল ইসলামের বিরুদ্ধে শ্রেণিকক্ষে ছাত্রীদের অশ্রাব্য ভাষায় গালিগালাজ, কথা না শুনলে মার্ক কম দেয়া ও ছাত্রদের জোরপূর্বক সমকামিতায় বাধ্য করাসহ নানা অভিযোগ ওঠে। পরে তার অপসারণের দাবিতে প্রধান ফটক অবরোধ করে বিক্ষোভ করেন বিভাগের শিক্ষার্থীরা। এ ছাড়া ভিসি'র কাছে তারা লিখিতভাবে অভিযোগের প্রেক্ষিতে কর্তৃপক্ষের গঠিত তদন্ত কমিটি ঘটনার সত্যতা পায়। তদন্ত কমিটির প্রতিবেদনের আলোকে গত ২২শে ডিসেম্বর অনুষ্ঠিত সিন্ডিকেট সভায় তার বার্ষিক একটি ইনক্রিমেন্ট বাতিলসহ এক বছরের বাধ্যতামূলক ছুটিতে পাঠানো হয়। তবে বিভাগটির শিক্ষার্থীরা হাফিজের এই শাস্তিতে অসন্তোষ প্রকাশ করে হাফিজকে স্থায়ীভাবে বহিষ্কারের দাবি জানায়। এরই প্রেক্ষিতে সর্বশেষ সিন্ডিকেটে শাস্তি পর্যালোচনার সিদ্ধান্ত নেয় প্রশাসন।

এদিকে সাত কলেজ নিয়ে কালক্ষেপণ করায় ক্ষুব্ধ হয়েছেন শিক্ষার্থীরা। তারা ডেকেছেন সংবাদ সম্মেলন। এ থেকে আসতে পারে নতুন কর্মসূচি। শনিবার বিকাল ৪টায় রাজধানীর ইডেন মহিলা কলেজের ১ নম্বর গেটে এ সংবাদ সম্মেলন হওয়ার কথা রয়েছে। শুক্রবার এক সংবাদ বিজ্ঞপ্তিতে সাত কলেজ বিশ্ববিদ্যালয় রূপান্তর টিমের অর্গানাইজিং উইং জানায়, দীর্ঘদিন ধরেই শিক্ষার্থীরা সাত কলেজের প্রশাসনিক স্বচ্ছতা ও শিক্ষার মানোন্নয়নের দাবি জানিয়ে আসছে। অথচ বিশ্ববিদ্যালয় রূপান্তরের গুরুত্বপূর্ণ ধাপগুলোতে ধীরগতি, দায়িত্বহীনতা ও অনিশ্চয়তা তৈরি করা হচ্ছে। সংবাদ সম্মেলন থেকে পরবর্তী আন্দোলন কর্মসূচি ঘোষণা করা হতে পারে বলেও বিজ্ঞপ্তিতে আভাস দেয়া হয়।

দীর্ঘ আন্দোলন শেষে কিছুটা শান্ত বরিশাল বিশ্ববিদ্যালয়। বিশ্ববিদ্যালয়টির আওয়ামীপন্থি বিতর্কিত শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের নতুন নতুন দায়িত্ব দেয়া ও পদায়ন করা, বিশ্ববিদ্যালয়ের উন্নয়নমূলক কর্মকাণ্ডে বাজেট আনতে ব্যর্থ হওয়া, যথাসময়ে ফাইলে স্বাক্ষর না করা, বিশ্ববিদ্যালয়ের সাবেক রেজিস্ট্রার মনপুরা উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মো. মনিরুল ইসলামের চাকরির মেয়াদ শেষ হলেও রেজিস্ট্রার হিসেবে বহাল রাখায় ভিসি'র প্রতি ক্ষোভ থেকে আন্দোলনের সূত্রপাত হয়।

ছয় দফা দাবি আদায়ের আন্দোলনে সারা দেশের পলিটেকনিক কলেজগুলোতে দীর্ঘদিন বন্ধ রয়েছে একাডেমিক কার্যক্রম। সম্প্রতি তারা মহাসড়ক অবরোধ করে পুরো রাজধানীবাসীকে যানজটে নাকাল করেছেন। গত ৭ মে পূর্ণাঙ্গ শাটডাউন কর্মসূচি শিথিল করার সিদ্ধান্ত নিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। তবে দাবি আদায় না হওয়া পর্যন্ত তারা সেমিস্টার ফাইনাল পরীক্ষার ফরম পূরণ ও পরীক্ষা বর্জন করার ঘোষণা দেয়া হয়।

ট্রাম্পের করছাড় বিল প্রত্যাখ্যান

৬-এর পৃষ্ঠায় পর

ও ডেমোক্র্যাটদের চালু করা সবুজ জ্বালানি করছাড় সম্পূর্ণভাবে বাতিল না করা হয়, তবে তারা সমর্থন দেবেন না। বিলটি পাস হলে আগামী এক দশকে যুক্তরাষ্ট্রের ৩৬.২ ট্রিলিয়ন ডলারের ফেডারেল ঋণ আরও কয়েক ট্রিলিয়ন ডলার বাড়বে বলে আশঙ্কা করা হচ্ছে।

দক্ষিণ ক্যারোলিনার রিপাবলিকান রালফ নরম্যান বলেন, 'এটি কোনো প্রদর্শনী নয়। আমরা আপস করব, কিন্তু সম্পূর্ণটা দিয়ে নয়।'

বিলটি আপাতত আটকে গেলেও, এটি স্থায়ীভাবে ব্যর্থ হয়নি। তবে হাউসে বাজেটে পরবর্তী সপ্তাহে যেই ভোট হওয়ার কথা ছিল, সেটি এখন বিলম্বিত হওয়ার সম্ভাবনা তৈরি হয়েছে। এদিকে রিপাবলিকানদের মধ্যেও বিভাজন স্পষ্ট। কট্টরপন্থীরা মনে করেন, এটি খরচ কমানোর একটি দুর্লভ সুযোগ। অপরদিকে মাঝারি ধাঁচের রিপাবলিকানরা, যারা প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এলাকার প্রতিনিধিত্ব করছেন, তারা সামাজিক সুরক্ষা কর্মসূচিতে ব্যাপক কাটছাঁটের বিরোধিতা করছেন। তারা আশঙ্কা করছেন, এতে ২০২৬ সালের মধ্যবর্তী নির্বাচনে ২২০-২১৩ সংখ্যাগরিষ্ঠতা হুমকির মুখে পড়বে।

কমিটির চেয়ারম্যান জোডি অ্যারিংটন বলেন, 'আমরা এমন নীতি চাই যা সাধারণ মানুষের বিপক্ষে যাবে। জনগণ যে পরিবর্তনের পক্ষে ভোট দিয়েছে, আমাদের সেটি বাস্তবায়ন করতে হবে।'

কমিটির ভোটে রিপাবলিকান রালফ নরম্যান, চিপ রয়, অ্যান্ড্রু ক্লাইড, জোশ ব্রেচিন এবং লয়েড স্মাকার ডেমোক্র্যাটদের সঙ্গে মিল রেখে প্রস্তাবটির বিরুদ্ধে ভোট দেন। টেক্সাসের চিপ রয় বলেন, 'আমরা এমন সব চেক স্বাক্ষর করছি, যেগুলো আমরা ভাঙাতে পারব না। এর মূল্য আমাদের সন্তানেরা দেবে।'

বিলটিতে কিছু পরিবর্তনের আশায় আগামী সপ্তাহে আলোচনার ইঙ্গিত দিয়েছেন স্পিকার জনসনের সঙ্গে কাজ করা রিপাবলিকানরা।

লয়েড স্মাকার জানান, তাঁর 'না' ভোট ছিল কৌশলগত, যাতে ভবিষ্যতে বিলটি ফের ভোটে তোলা যায়। তিনি আশা করছেন সোমবার আরেক দফা ভোট হতে পারে।

প্রস্তাবিত বিলটি ট্রাম্পের প্রথম মেয়াদে পাস হওয়া করছাড় বাড়ানোর পরিকল্পনা করছে। যৌথ ট্যাক্স কমিটির হিসাব মতে, এতে আগামী ১০ বছরে ব্যয় হবে ৩.৭২ ট্রিলিয়ন ডলার।

ট্রাম্প বলছেন, টিপস ও ওভারটাইমের ওপর কর মওকুফের মতো পদক্ষেপে সাধারণ শ্রমজীবী আমেরিকানরা উপকৃত হবেন। তবে সমালোচকদের দাবি, বিলটি মূলত ধনীদেরই বেশি সুবিধা দেবে।

ডেমোক্র্যাটরা বিলটির সমালোচনা করে বলেছে, এতে ধনকুবেরদের করছাড় দেওয়া হচ্ছে। কংগ্রেসের গবেষণার একটি রিপোর্টে বলা হয়েছে, বিলের প্রস্তাবিত কাটছাঁটে ৮.৬ মিলিয়ন (৮৬ লাখ) আমেরিকান তাদের স্বাস্থ্যবিমা হারাতে পারেন।

কমিটির শীর্ষ ডেমোক্র্যাট ব্রেন্ডান বয়েল বলেন, 'মহামন্দার সময়েও এত বিপুলসংখ্যক আমেরিকান তাদের স্বাস্থ্যসেবা হারাননি। এটি নজিরবিহীন।'

রিপাবলিকানদের মধ্যে এখন তিনটি পক্ষ সক্রিয়

১. ডেমোক্র্যাট শাসিত রাজ্যগুলোর মাঝারি পন্থী যারা রাজ্য ও স্থানীয় করের (SALT) ওপর ফেডারেল ছাড় বাড়াতে চান।
২. কট্টরপন্থী যারা রাজ্য ও স্থানীয় করছাড়ের বিনিময়ে আরও গভীর মেডিকেইড কাটছাঁট ও সবুজ জ্বালানি করছাড় সম্পূর্ণ বাতিল চান।
৩. আবার কিছু মাঝারি পন্থী চান মেডিকেইডে যাতে বড় রকমের কোনো পরিবর্তন না আসে।

বর্তমানে প্রস্তাবনা অনুযায়ী ২০২৯ সাল থেকে মেডিকেইডে কর্ম-যোগ্যতার শর্ত জুড়ে দেওয়া হবে।

দুই বছরের ডিগ্রি এক বছরে সম্পন্ন

শেষ পৃষ্ঠায় পর

স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেছেন ১ বছরে। সোমবার স্থানীয় সময় সকাল ৯টায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ক্যাম্পাসে এক বিশাল সমাবর্তন অনুষ্ঠিত হয়। এর আগে গত বছরের ৪ঠা মে সাইফ একই ইউনিভার্সিটি থেকে বিজ্ঞান বিভাগে সম্মানজনক স্কলারশিপ গোল্ড এবং সিলভার মেডল পুরস্কার প্রাপ্ত হয়ে চার বছরের অনার্স এবং ব্যাচেলর অ্যাসোসিয়েট ডিগ্রি অর্জন করেন। সাঈফ তার বাবা মোহাম্মদ সাঈদুল হক (সাঈদ) ও মা জোহুরা বেগম রহীমের সাথে দীর্ঘদিন ধরে কানেকটিকাটের স্টামফোর্ডে বসবাস করছেন।

রহস্যসংখ্যা '৮৬ ৪৭'

৬-এর পৃষ্ঠায় পর

সংখ্যাটি ব্যবহার হতে পারে। অতি সম্প্রতি এই সংখ্যাটি 'খুন' শব্দ বোঝাতে ব্যবহার হয়েছে বলে ডিকশনারিতে উল্লেখ রেয়েছে।

অন্যদিকে '৪৭' সংখ্যাটি প্রেসিডেন্ট ট্রাম্পের জন্য প্রযোজ্য সাংকেতিক কোড। কারণ, ট্রাম্প যুক্তরাষ্ট্রের ৪৭তম প্রেসিডেন্ট। ফলে, এ দুই সংখ্যার জোড় মিলিয়ে ট্রাম্প অনুরাগীরা বলছেন, পোস্টটির মাধ্যমে প্রেসিডেন্টকে খুনের ইঙ্গিতই দেওয়া হয়েছে।

ছবিটি নিয়ে এই বিতর্কের মুখে কমি দ্রুতই পোস্টটি সরিয়ে ফেলেন। পরে আরেকটি পোস্টে তিনি ব্যাখ্যা দিয়ে বলেন, "আমি ভেবেছিলাম এটি হয়ত রাজনৈতিক কোনও বার্তা। বুঝতে পারিনি কেউ এটাকে সহিংসতার সঙ্গে মেলাবে। আমি সব ধরনের সহিংসতার বিরুদ্ধে, তাই পোস্টটি মুছে দিয়েছি।" তবে ট্রাম্প এটিকে খাটো করে দেখছেন না। ফক্স নিউজকে এক সাক্ষাৎকারে তিনি বলেন, "একজন শিশুও বোঝে এর মানে কী। এর মানে হচ্ছে হত্যাকাণ্ড। এখানে সেটি খুবই স্পষ্ট।"

ট্রাম্পের সাক্ষাৎকারের এই ক্লিপ শুক্রবার সম্প্রচার হওয়ার আগেই প্রকাশ পায়। প্রেসিডেন্টের নিরাপত্তার দায়িত্বে থাকা সিক্রেট সার্ভিসের মুখপাত্র অ্যাস্থনি গুগলিয়েলমি এক্স-এ বলেছেন, "আমরা আমাদের সুরক্ষাব্যবস্থার বিরুদ্ধে যে কোনও সম্ভাব্য হুমকি পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করে দেখি।

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্সসহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq

এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338

Tel: 212-695-0055, Fax: 212-695-0056, E-mail: azizbbn@yahoo.com

421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

রহস্যসংখ্যা ‘৮৬ ৪৭’; তদন্তের মুখে সাবেক এফবিআই পরিচালক



যুক্তরাষ্ট্রে গোয়েন্দা সংস্থা এফবিআই-এর সাবেক পরিচালক জেমস কমি সামুদ্রিক ঝিনুক দিয়ে লেখা ‘৮৬ ৪৭’ এই সংখ্যার একটি ছবি ইনস্টাগ্রামে পোস্ট করার পরই তৈরী হয় যত রহস্য। ছবি –ইনস্টাগ্রাম

বাংলা পত্রিকা ডেস্ক: সামুদ্রিক ঝিনুক দিয়ে সাজানো ‘৮৬৪৭’ সংখ্যার একটি ছবি ইনস্টাগ্রামে পোস্ট করে বিপাকে পড়েছেন যুক্তরাষ্ট্রের গোয়েন্দা সংস্থা এফবিআই-এর সাবেক পরিচালক জেমস কমি।

পোস্টের ওই ছবিকে ঘিরেই ঘনিয়েছে রহস্য। বলা হচ্ছে, ছবির সংখ্যাগুলো স্রেফ চারটি সংখ্যামাত্র নয়। এর মধ্যে অন্তর্নিহিত আছে ট্রাম্পের বিরুদ্ধে হুমকি ও সহিংসতার বার্তা।

রিপাবলিকানরাসহ প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের সমর্থকরা ছবিটির এমন ব্যাখ্যাই করেছে। আর এরই প্রেক্ষাপটে জেমস কমির পোস্টটি নিয়ে তদন্ত শুরু করেছে সিক্রেট সার্ভিস।

কমির ইনস্টাগ্রাম পোস্টে দেখা যায়, সৈকতের বালিতে হলুদ-কালো ঝিনুক দিয়ে সাজানো সংখ্যা ‘৮৬ ৪৭’। ক্যাপশনে লেখা ছিল: “সমুদ্রসৈকতে হাঁটার সময় পাওয়া ঝিনুকের দারুণ এক বিন্যাস।”

বিবিসি জানায়, মেরিয়াম ওয়েবস্টার ডিকশনারি অনুযায়ী,‘৮৬’ সংখ্যাটি ইংরেজি স্ল্যাং বা খারাপ অর্থে ব্যবহার হয়। কাউকে ‘ছুড়ে ফেলা’বা কারও থেকে রেহাই পাওয়া অর্থে এটি ব্যবহার হয়।

মাতাল কাউকে বার থেকে ছুড়ে ফেলা অর্থেও ‘৮৬’ *৫-এর পৃষ্ঠায় দেখুন*



ট্রাম্পের করছাড় বিল প্রত্যাখ্যান করলো রিপাবলিকানরা

বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রস্তাবিত করছাড় বিল কংগ্রেসে বড় ধরনের প্রতিবন্ধকতার মুখে পড়েছে। শুক্রবার (১৬ মে) হাউস বাজেট কমিটিতে প্রস্তাবটি প্রাথমিক ধাপেই আটকে যায়, কারণ রিপাবলিকান দলের কট্টরপন্থী সদস্যরা আরও বড় পরিসরে খরচ কমানোর দাবিতে বিলটি আটকে দেন। এই ঘটনাটি প্রেসিডেন্ট ট্রাম্পের জন্য একটি বিরল রাজনৈতিক ব্যর্থতা হিসেবে বিবেচিত হচ্ছে।

এই ভোটের আগে ট্রাম্প সামাজিক মাধ্যমে রিপাবলিকানদের উদ্দেশ্যে বলেন, ‘আমাদের ঐক্যবদ্ধ হতে হবে। আমরা গ্র্যান্ডস্ট্যান্ডার চাই না। কথা বন্ধ করো, কাজ শেষ করো!’ কিন্তু তবুও তাঁর আহ্বানে কেউ সাড়া দেয়নি।

কমিটির ২১ জন রিপাবলিকানের মধ্যে ৫ জন বিলের বিপক্ষে ভোট দেন। তারা স্পিকার মাইক জনসনকে জানিয়ে দিয়েছেন, যদি মেডিকেইড স্বাস্থ্যসেবা খাতে আরও কাটছাঁট *৫-এর পৃষ্ঠায় দেখুন*



বাংলাদেশী বংশোদ্ভূত তরুণের মেয়রাল লিগ্যাসি স্বীকৃতি অর্জন

নিউইয়র্ক : বাংলাদেশী বংশোদ্ভূত নাফিস সৌমিক মেয়রাল লিগ্যাসি ‘কী লীডার’-এর স্বীকৃতি অর্জন করেছেন। ‘কী লীডার নমিনেটিং কমিটি’ সম্প্রতি আনুষ্ঠানিকভাবে এই স্বীকৃতির কথা সৌমিককে জানিয়েছে। আগামী ৩ জুন মঙ্গলবার সন্ধ্যা ৬টায় ম্যানহাটানের ঐতিহাসিক ইউনাইটেড প্লেস-এ লাল কারপেট সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ঐ অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে নাফিজকে অ্যাওয়ার্ড প্রদান করা হবে।

জানা গেছে, ১৯২৫ সাল থেকে নিউইয়র্কে একজনকে ‘কী লীডার’ পুরস্কার দেওয়া হয়। ‘মেয়রাল লিগ্যাসি লীডার’ *১২-এর পৃষ্ঠায় দেখুন*

NUR BEPARY AUTO REPAIR & BODY SHOP, INC.

COMPLETE BODY REPAIR

একটি বাংলাদেশী প্রতিষ্ঠান

Nur Bhai
President
718-551-1405



OPEN 24 HOURS

35-44, 61st Street
Woodside, NY 11377
Tel: 718-898-0052

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine

সীমিত সময়ের জন্য 15% Off

Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

প্রোস্টেট ক্যানসারে আক্রান্ত জো বাইডেন

শেষ পৃষ্ঠায় পর

বলে রোববার (১৮ মে) এক বিবৃতিতে জানিয়েছে বাইডেনের দপ্তর। খবর বিবিসি।

গত সপ্তাহে প্রস্রাবজনিত সমস্যার কারণে চিকিৎসকের কাছে গেলে নতুন একটি প্রোস্টেট নডিউল শনাক্ত হয় এবং শুক্রবার তার ক্যানসার ধরা পড়ে। পরীক্ষায় দেখা গেছে, বাইডেনের ক্যানসারের গ্লিসন স্কোর ১০ এর মধ্যে ৯। এই স্কোরকে অত্যন্ত উচ্চমাত্রার ও দ্রুত ছড়াতে সক্ষম রোগ হিসেবে বিবেচনা করা হয়।

তবে বাইডেনের দপ্তর জানিয়েছে, এটি হরমোন-সংবেদনশীল হওয়ায় নিয়ন্ত্রণযোগ্য বলে আশা করা যাচ্ছে। বর্তমানে বাইডেন ও তার পরিবার সম্ভাব্য চিকিৎসা পদ্ধতি পর্যালোচনা করছেন।

সাবেক প্রেসিডেন্টের অসুস্থতার খবর জানার পর ডেমোক্র্যাট ও রিপাবলিকান উভয় শিবির থেকেই সমবেদনা ও শুভকামনা জানানো হয়েছে। বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এক বিবৃতিতে বলেন, 'আমরা বাইডেনের চিকিৎসাজনিত পরিস্থিতিতে মর্মাহত। আমরা জো, জিল এবং তাদের পরিবারকে শুভকামনা জানাই।'

সাবেক ভাইস-প্রেসিডেন্ট কামালা হ্যারিস বলেন, 'জো একজন লড়াকু মানুষ। আমি জানি তিনি এই চ্যালেঞ্জের মোকাবেলা করবেন তার চিরচেনা সাহস ও দৃঢ়তা দিয়ে।'

বারাক ওবামা বলেন, 'ক্যানসার গবেষণায় জোরালো ভূমিকা রেখেছেন বাইডেন। তার দৃঢ় মনোবল এই লড়াইয়েও তাকে এগিয়ে রাখবে।'

২০২৪ সালের মার্কিন প্রেসিডেন্ট নির্বাচনে শারীরিক অবস্থা ও বয়স নিয়ে উদ্বেগের কারণে প্রার্থীতা থেকে সরে দাঁড়ান বাইডেন। পরে তার স্থলাভিষিক্ত হন কামালা হ্যারিস।

যুক্তরাষ্ট্রে পুরুষদের মধ্যে ত্বকের পরেই দ্বিতীয় সর্বাধিক প্রচলিত ক্যানসার হলো প্রোস্টেট ক্যানসার। সিডিসি জানিয়েছে, প্রতি ১০০ জন পুরুষের মধ্যে ১৩ জনের জীবনে একবার না একবার এটি হতে পারে এবং বয়সই এ রোগের প্রধান ঝুঁকিপূর্ণ উপাদান।

বিশেষজ্ঞরা বলছেন, ক্যানসার হাড়ে ছড়িয়ে পড়লে সাধারণত তা আর নিরাময়যোগ্য থাকে না। তবে প্রাথমিক চিকিৎসায় রোগীরা সাধারণত ভালো সাড়া দেন এবং দীর্ঘদিন বাঁচেন। বাইডেনের ক্ষেত্রেও হরমোন থেরাপি ব্যবহার করে লক্ষণ প্রশমন ও কোষ বৃদ্ধির গতি হ্রাস করার চেষ্টা করা হবে বলে মনে করছেন চিকিৎসকরা।

২০১৫ সালে ব্রেন ক্যানসারে বাইডেনের বড় ছেলে বো বাইডেনের মৃত্যু হয়। সেই থেকেই ক্যানসার গবেষণায় তার সক্রিয় আগ্রহ, যার ধারাবাহিকতায় ২০১৬ সালে শুরু হয় ক্যানসার মুনশট কর্মসূচি এবং ২০২২ সালে এটি পুনরায় চালু করেন তিনি ও স্ত্রী জিল বাইডেন।

ব্রুকলিন ব্রিজে মেক্সিকান

ব্রুকলিন ব্রিজে ধাক্কা দিলে ঘটে এই দুর্ঘটনা। জাহাজটি মেক্সিকান নৌবাহিনীর তরফে একটি সৌহার্দ্য সফরে যুক্তরাষ্ট্রে এসেছিল।

শেষ পৃষ্ঠায় পর

জাহাজটিতে মোট ২৭৭ জন আরোহী ছিলেন বলে জানিয়েছেন কর্মকর্তারা।

ভিডিও ফুটেজে দেখা যায়, জাহাজটির সুউচ্চ মাস্তুল ব্রিজের নিচ দিয়ে যাওয়ার সময় ব্রিজের গায়ে লেগে যায়। মাস্তুলে তখন নাবিকরাও দাঁড়িয়ে ছিলেন। সংঘর্ষের পর সব মাস্তুল ভেঙে ডেকে গিয়ে পড়ে।

যুক্তরাষ্ট্র কোস্ট গার্ড জানিয়েছে, কুয়াওতেমোক তার তিনটি মাস্তুলই হারিয়েছে এবং জাহাজের সব আরোহীকেই উদ্ধার করা হয়েছে। কেউ পানিতে পড়ে যাওয়ার ঘটনা ঘটেনি।

পুলিশ জানিয়েছে, জাহাজটির যান্ত্রিক সমস্যার পাশাপাশি বিদ্যুৎ বিচ্ছিন্ন হয়ে যাওয়াতেই দুর্ঘটনাটি ঘটেছে বলে তাদের প্রাথমিক ধারণা। সংঘর্ষের সময় এটি ব্রুকলিন ব্রিজের একটি পিলারে ধাক্কা খায়।

দুর্ঘটনার সময় জাহাজের আশপাশে ভিড় করা মানুষ আতঙ্কে দৌড়ে সরে যান। ঘটনাস্থলের প্রত্যক্ষদর্শী কেলভিন ফ্লোরেস বিবিসিকে বলেন, 'আমি কাজ করছিলাম, হঠাৎ বাইরে এসে দেখি চারপাশে বিশাল হইচই চলছে।

অ্যাম্বুলেন্স আর পুলিশ চেষ্টা করছিল ঘটনাস্থলে পৌঁছাতে, কিন্তু রাস্তাগুলো তখন ঠাসা ট্রাফিকে। আহতদের স্ট্রেচারে করে বের করে নিয়ে যাওয়া হচ্ছিল। দৃশ্যটা ছিল ভয়াবহ।'

দুর্ঘটনার পর ব্রুকলিন ব্রিজ দ্রুত পরিদর্শন করে খুলে দেয়া হয়েছে। প্রাথমিক তদন্তে কোনো বড় ধরনের ক্ষতির প্রমাণ মেলেনি বলে জানিয়েছে নিউ ইয়র্কের পরিবহন কর্তৃপক্ষ।

মেক্সিকোর প্রেসিডেন্ট ক্লাউডিয়া শেইনবাউম এ দুর্ঘটনায় দুই নাবিকের মৃত্যুর খবরে গভীর শোক প্রকাশ করেছেন।

যুক্তরাষ্ট্রে বাংলাদেশিদের সংখ্যা ৩ লাখ!

শেষ পৃষ্ঠায় পর

রিসার্চ তাদের প্রকাশিত একটি আমেরিকান কমিউনিটি সার্ভে প্রতিবেদনে এ বিষয়টি ওঠে এসেছে। পিউ রিসার্চ ২০২১ থেকে ২০২৩ সাল পর্যন্ত যুক্তরাষ্ট্রে বসবাসকরী বাংলাদেশী কমিউনিটির এদেশে অর্থনৈতিক, শিক্ষাক্ষেত্র ও সামাজিকসহ জীবযাত্রার ওপর একটি গবেষণা করে। ২০২৫ সালের মে মাসে ওই গবেষণার প্রতিবেদনটি প্রকাশ করে।

তবে যুক্তরাষ্ট্রে বাংলাদেশিদের সংখ্যা নিয়ে গবেষণা প্রতিষ্ঠান পিউ রিসার্চের প্রতিবেদনের সাথে ভিন্নমত প্রকাশ করেছেন কমিউনিটি ব্যক্তিত্বরা। রোববার উত্তর আমেরকিার জনপ্রিয় টাইম টেলিভিশনের "টাইম এঙ্কুসিভ" অনুষ্ঠানে পিউ রিসার্চের প্রকাশিত প্রতিবেদনের সাথে ভিন্নমত পোষণ করে সাপ্তাহিক পরিচয়ের সম্পাদক নাজমুল আহসান, বিশ্ববিদ্যালয় শিক্ষক অধ্যাপক ড. শওকত আলী, টাইম টিভির সিইও আবু তাহের ও সাপ্তাহিক প্রথম আলো সম্পাদক ইব্রাহিম চৌধুরীসহ মিডিয়া ব্যক্তিত্বরা আলোজনা করেন।

তারা আলোচনায় বলেন, যুক্তরাষ্ট্রে বাংলাদেশিদের সংখ্যা মিলিয়নের কাছাকাছি। কিন্তু বিভিন্ন জরিপে সঠিক পরিসংখ্যান না পাওয়ার কারণ হচ্ছে ভোটার রেজিস্ট্রেশনসহ ফেডারেল ও স্থানীয় বিভিন্ন শুমারীতে এদেশে বসবাসরত বাংলাদেশীদের অনাগ্রহ একটি অন্যতম কারণ। বেশিরভাগ বাংলাদেশিরা এদেশের আদমশুমারিতে অংশ নিতে চান না। ভোটার রেজিস্ট্রেশনের অনাগ্রহ বেশি।

নাজমুল আহসান বলেন, নিউইয়র্ক, নিউজার্সী, আটলান্টা, মিশিহানসহ বেশ কয়েকটি স্টেটে বাংলাদেশি জনসংখ্যার হাব হিসেবে পরিচিত। এসব স্টেটে কয়েক লাখ বাংলাদেশি রয়েছেন।

একেকটি সিটিতে ২০ থেকে ৪০ হাজারের বেশি বাংলাদেশিদের বাস। কিন্তু মেইন স্ট্রীমে বিভিন্ন জরীপে নিজেদের প্রকাশ বা তালিকাভুক্ত করতে চান না অনেকেই। এখন এসব পরিসংখ্যানে সঠিকভাবে যুক্ত হওয়া উচিত। এজন্য কমিউনিটির বিশেষ করে বাংলাদেশ সোসাইটির উদ্যোগ নেয়া উচিত। সবাইকে বিভিন্ন রেজিস্ট্রেশন ও শুমারিতে অংশ নিতে উৎসাহী করার পদক্ষেপ নিতে পারেন তারা। এখানকার পরিসংখ্যান ও শুমারির সাথে সংশ্লিষ্ট কর্তৃপক্ষে সাথে যোগাযোগ স্থাপন করে এ বিষয়টি অবগিত করতে পারেন সোসাইটির নেতৃবৃন্দরা।

ড. শওকত আলী বলেন, এখন এ দেশে বাংলাদেশিরা শিক্ষা, কর্মক্ষেত্র, ব্যবসায় বেশ এগিয়ে যাচ্ছে। সেই সাথে এদেশে নিজেদের অবস্থান স্পষ্টভাবে তুলে ধরা উচিত। কারণ একটি দেশে কমিউনিটির পক্ষে যেকোন দাবি অধিকার আদায়ে ওই কমিউনিটির জনসংখ্যার তালিকা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

পরিসংখ্যান সঠিকভাবে তুলে ধরা হয় তাহলে যেকোন অধিকার আদায়ে গুরুত্ব পায় যুক্তরাষ্ট্রের সকল প্রশাসনে। তাই সবাইকে নিজের ক্যারিয়ারের পাশাপাশি নিজ কমিউনিটির অবস্থান সম্পর্কে সঠিক ও সচেতন হতে হবে। কমিউনিটি সংগঠনগুলোও ভালো ভূমিকা রাখতে পারে।

যুক্তরাষ্ট্রে বসবাসকারী বাংলাদেশিদের পরিসংখ্যান নিয়ে নির্দিষ্ট সঠিক তথ্য নিয়ে বিভ্রান্তি রয়ে গেছে। বেসরকারি হিসেবে বিভিন্ন তথ্যে এদেশে বসবাসকারী বাংলাদেশির সংখ্যা পাঁচ থেকে সাত লাখের মতো বলা হলেও নির্ভরযোগ্য কোন তথ্য এখনো পাওয়া যায়নি।

পিউ রিসার্চ গবেষণায় বলা হয়, আমেরিকায় বাংলাদেশি আমেরিকানদের জনসংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে, এবং এদের মধ্যে একটি বড় অংশ নিউ ইয়র্কে বসবাস করেন। শিক্ষায় অগ্রগতি ও সাংস্কৃতিক বন্ধনে দৃঢ় হলেও আয়, দারিদ্র্য ও আবাসনের ক্ষেত্রে এখনো অনেক চ্যালেঞ্জ রয়ে গেছে। পরিসংখ্যানগুলো দেখায়, নতুন প্রজন্মের বাংলাদেশিরা ধীরে ধীরে যুক্তরাষ্ট্রে মূলধারায় যুক্ত হচ্ছে এবং ভবিষ্যতের পথ তৈরি করছে।

পিউ রিসার্চ সেন্টার বলছে, ২০২৩ সালে যুক্তরাষ্ট্রে বাংলাদেশি হিসেবে নিজেদের পরিচয় দিয়েছেন আনুমানিক ৩ লাখ মানুষ। সম্প্রতি প্রকাশিত প্রতিবেদনটি ২০২১-২৩ সালের আমেরিকান কমিউনিটি সার্ভে (ACS) ডেটার উপর ভিত্তি করে তৈরি করা হয়েছে।

প্রতিবেদন অনুযায়ী, বাংলাদেশি হিসেবে যারা নিজেদের চিহ্নিত করেছেন, তাদের মধ্যে ২৭০,০০০ জন শুধু বাংলাদেশি এবং অন্যরা কোনো জাতিগত বা বর্ণগত পরিচয় দেননি। এই "বাংলাদেশি অভিবাসী" জনসংখ্যা ২০০০ সালের তুলনায় ৫৬৯ শতাংশ বৃদ্ধি পেয়েছে। তখন এই সংখ্যা ছিল মাত্র ৪০,০০০।

প্রতিবেদনের তথ্যমতে, আমেরিকায় বাংলাদেশি জনসংখ্যার মধ্যে ৭১ শতাংশই অভিবাসী। ২০০০ সালে বাংলাদেশি অভিবাসীর সংখ্যা ছিল ৩৫,০০০। ২০০০ সালে এই হার ছিল ৮৪ শতাংশ। যা ২০২৩ সালে বেড়ে দাঁড়িয়েছে ১,৯০,০০০ জন অভিবাসী। এদের মধ্যে ১০ বছরের বেশি সময় ধরে ৫৫ শতাংশ অভিবাসী যুক্তরাষ্ট্রে বসবাস করছেন এবং তাদের মধ্যে ৬০ শতাংশ ইতোমধ্যেই ইউএস নাগরিকত্ব লাভ করেছেন।

বাংলাদেশি আমেরিকানদের মধ্যে ৫৬ শতাংশই ইংরেজি ভাষায় দক্ষ। তবে অভিবাসীদের মধ্যে এই হার ৪৭ শতাংশ, যেখানে যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারীদের মধ্যে ইংরেজি দক্ষতার হার ৮৬ শতাংশ। বাংলাদেশিদের ঘরে সবচেয়ে বেশি ব্যবহৃত ভাষা হলো বাংলা ৮৬ শতাংশ। এরপর যথাক্রমে হিন্দি (১%), উর্দু (০.৩%) এবং ক্যান্টনিজ (০.৩%) ভাষা ব্যবহৃত হয়।

প্রতিবেদনে আরো বলা হয়েছে, বাংলাদেশি অভিবাসী জনগোষ্ঠীর ৪৪ শতাংশ প্রায় ১,১৫,০০০ জন বসবাস করেন নিউ ইয়র্ক রাজ্যে। এছাড়া মিশিগানে ২০,০০০, ক্যালিফোর্নিয়ায় ১৮,০০০, টেক্সসে ১৭,০০০ এবং নিউ জার্সিতে ১২,০০০ বাংলাদেশি বাস করছেন।

মেট্রো এলাকাভিত্তিক বিশ্লেষণে দেখা যায়, নিউ ইয়র্ক শহর এলাকায় প্রায় ১,১০,০০০ বাংলাদেশি বাস করেন। ডেট্রয়েট ও ওয়াশিংটন ডিসিতেও যথাক্রমে ১৮,০০০ ও ১৫,০০০ জন বাংলাদেশির বসবাস।

বাংলাদেশি জনগণের গড় বয়স ৩৩ বছর, যা সামগ্রিক এশীয় গড় বয়স ৩৪.৭ এর কাছাকাছি। অভিবাসী বাংলাদেশিদের গড় বয়স ৪০.৭ বছর, যেখানে যুক্তরাষ্ট্রে জন্ম নেয়া বাংলাদেশিদের গড় বয়স মাত্র ১০.৬ বছর। অর্থাৎ নতুন প্রজন্মের বাংলাদেশিরা সংখ্যায় বৃদ্ধি পাচ্ছে।

বাংলাদেশি-আমেরিকানদের মধ্যে ৫১ শতাংশেরই স্নাতক বা তার চেয়ে উচ্চতর ডিগ্রি রয়েছে। এর মধ্যে ২৪% স্নাতক ও ২৬% স্নাতকোত্তর। যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী বাংলাদেশিদের মধ্যে উচ্চশিক্ষার হার অভিবাসীদের তুলনায় বেশি ৫৯% বনাম ৫০%।

বাংলাদেশি প্রাপ্তবয়স্কদের মধ্যে ৭১% বিবাহিত, যা এশীয় গড় ৫৮% এর চেয়ে বেশি। অভিবাসী বাংলাদেশিদের মধ্যে এই হার ৭৭%, যেখানে যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারীদের মধ্যে মাত্র ২৯% বিবাহিত।

বাংলাদেশি পরিবারগুলোর বার্ষিক গড় আয় ৭৮,৪০০ ডলার, যা অন্যান্য এশীয় পরিবারগুলোর গড় আয় ১০৫,৬০০ ডলার। যা এর তুলনায় অনেক কম। পূর্ণকালীন কর্মরত বাংলাদেশিদের ব্যক্তিগত বার্ষিক গড় আয় ৫৬,০০০ ডলার, যেখানে এশীয়দের গড় ৭৫,০০০ ডলার। বাংলাদেশি জনগণের মধ্যে দারিদ্র্যসীমার নিচে বাস করছেন ১৪ শতাংশ, যা এশীয় গড় ১০% থেকে বেশি। অভিবাসী এবং যুক্তরাষ্ট্রে জন্মগ্রহণকারী বাংলাদেশিদের মধ্যে এই হার সমান।

বাংলাদেশি পরিবারের মধ্যে হোমওনারশিপের হার ৫১%, যা অন্যান্য এশীয় পরিবারের তুলনায় (৬২%) কম।

নিউইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২৩-২৬ মে

হয়। পরবর্তীতে মুক্তধারা নিউইয়র্ক ও পরে মুক্তধারা ফাউন্ডেশন এককভাবে বইমেলার দায়িত্ব পালন করে আসছে। সংগঠনটির সদস্যদের মধ্যে রয়েছেন শহীদ পরিবারের সদস্য, মুক্তিযোদ্ধা, সাংবাদিক, লেখক এবং তরুণ প্রজন্মের সাহসী প্রতিনিধি।

সংবাদ সম্মেলনে জানানো হয়, বাংলাদেশের মুক্তিযুদ্ধকালীন আমেরিকান বন্ধু ফিলিস টেইলর এবারের ৩৪তম বইমেলার প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। ১৯৭১ সালে, যুক্তরাষ্ট্র গোপনে পাকিস্তানকে অস্ত্র সরবরাহের পরিকল্পনা করলে, ফিলিস টেইলরের প্রয়াত স্বামী রিচার্ড টেইলর এবং তাঁর সহযোগীরা ফিলাডেলফিয়া ও বাল্টিমোর বন্দরে অস্ত্রবাহী জাহাজ অবরোধ করেন। বইমেলায় এ বিষয়কে ঘিরে থাকবে বিশেষ আয়োজন। এছাড়াও, মেলায় মুক্তিযুদ্ধভিত্তিক একটি নতুন গ্রন্থের আলোচনা অনুষ্ঠিত হবে। এতে মুক্তিযুদ্ধকালীন ফিল্ড হাসপাতালের নেতৃত্বদানকারী ক্যাপ্টেন (অব.) ডা. সিতারা বেগম (বীর প্রতীক) অংশ নেবেন।

সংবাদ সম্মেলনে বিশ্বজিত সাহা জানান, এবারের ২০টির মতো প্রকাশনা সংস্থা যোগ দিচ্ছে। এগুলোর মধ্যে রয়েছে- অন্যন্যা, আকাশ, নালন্দা, কথা প্রকাশক, কবি প্রকাশনী, বাতিঘর, ঋদ্ধি প্রকাশন, সময় প্রকাশন, আহমেদ পাবলিশিং হাউজ, অন্বয় প্রকাশ, প্রথমা প্রকাশন, অঙ্কুর প্রকাশনী, স্টুডেন্ট ওয়েজ, কাকলী প্রকাশনী, কালের চিঠি, শব্দ ঘর, ঘুংঘুর, মুক্তধারা নিউইয়র্ক ও ইসলাম ইন্টারন্যাশনাল পাবলিকেশন্স। মেলায় কথা সাহিত্যিক ড. আব্দুন নূর, লেখক বিরূপ পাল, লেখক ও সাংবাদিক সরকার কবীর উদ্দিন, অনুবাদক নাজমুন নেসা পিয়ারী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. শামীম রেজা, কবি মঈনুদ্দীন মুন্সী, প্রাবন্ধিক আবু সাঈদ খান, সাংবাদিক মুস্তাফিজ শফি, কবি ফারুক আহমেদ, কবি জাফর আহমদ রাশেদ, লেখক-সাংবাদিক অভীক সারোয়ার রহমান, লেখক-প্রকাশক হুমায়ুন কবীর ঢালী, শিশু সাহিত্যিক আসিক মুস্তাফা প্রমুখ আমন্ত্রিত অতিথি হিসেবে যোগ দিচ্ছেন। মেলায় ২৬টির মতো স্টল থাকবে। আমন্ত্রিত শিল্পলীদের মধ্যে রয়েছেন- প্রখ্যাত রবীন্দ্র সঙ্গীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যা ও জনপ্রিয় শিল্পী ফাহমিদা নবী প্রমুখ।

বিশ্বজিত সাহা জানান, বইমেলাকে আরও আকর্ষণীয় করে তুলতে প্রতি বছরের ন্যায় এবারও থাকছে লেখক-পাঠক মুখোমুখি আলোচনা, নতুন বই নিয়ে আলোচনা, স্বরচিত কবিতা পাঠের আসর, কবিতা আবৃত্তি, বিতর্ক, সেমিনার, ওয়ার্কশপ ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানমালা। শিশু-কিশোরদের জন্য থাকছে বিশেষ আয়োজন। মেলায় আমন্ত্রিত লেখক-প্রকাশকরা ইতিমধ্যেই নিউইয়র্কে পৌঁছাতে শুরু করেছেন। আশা করা হচ্ছে বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশ থেকে আগত প্রকাশক, লেখক, কবি ও সাহিত্যিকদের পদচারণায় সরগরম হয়ে উঠবে নিউইয়র্ক শহর। মেলাটি সফল করতে সবার সর্বিক সহযোগিতা কামনা করা হয়।

এ ছাড়াও থাকছে একুশে চেতনা পরিষদ, যুক্তরাষ্ট্রের সৌজন্যে বিশেষ আলোকচিত্র প্রদর্শনী– 'অমর একুশ। ভাষা-আন্দোলনের সচিত্র ইতিহাস (১৯৪৭-১৯৫৬)'। এই প্রদর্শনীর কিউরেটরের দায়িত্বে রয়েছেন ড. ওবায়েদুল্লাহ মামুন।

সংবাদ সম্মেলনে উপস্থিত সাংবাদিকদের প্রশ্নের উত্তরে আয়োজকরা জানান, শুরু থেকেই নিউইয়র্ক বইমেলা বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা এবং 'জাতির জনক' বঙ্গবন্ধুর আদর্শে অবিচল ছিল, বর্তমানেও আছে এবং ভবিষ্যতেও থাকবে। মুক্তধারা ফাউণ্ডেশনের সভাপতির পদ থেকে ড. নুরুন নবীর পদত্যাগ একান্তই তার ব্যক্তিগত সিদ্ধান্ত এবং ভুলবুঝাবুঝির অবসান হলে তিনি আবার ফিরে আসবেন বলেও তারা আশাবাদ ব্যক্ত করেন।

তরুণ লেখক সাদাত হোসাইন সম্পর্কে মিথ্যা অপপ্রচার চালানো হচ্ছে জানিয়ে অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদবলেন, ঢাকায় ৩২ নম্বর ভবনটি ধ্বংস করার পর সাদাত হোসেনই প্রথম প্রতিবাদমুখর হয়েছিলেন। বর্তমানে বাংলাদেশ ও পশ্চিমবঙ্গের তরুন পাঠক ও লেখকদের নিকট সাদাত হোসেন খুবই জনপ্রিয় একজন লেখক। তাকে এবারের বইমেলার উদ্বোধক নির্বাচিত করার সিদ্ধান্তটি গণতান্ত্রিকভাবেই নির্ধারিত হয়েছে। এই প্রথম তিনি যুক্তরাষ্ট্রে আসছেন। বাংলাদেশ ও পশ্চিমবঙ্গসহ বিশ্বব্যাপী বাংলাভাষী পাঠকের কাছে দারুণ সমাদৃত এই লেখক তার উপন্যাস, ছোট গল্প ও কবিতা দিয়ে জয় করেছেন পাঠক হৃদয়। সম্মানিত হয়েছেন আইএফআইসি ব্যাংক নিবেদিত 'কালি ও কলমসাহিত্য পুরষ্কার', 'এক্সিম ব্যাংক-অন্যদিন হুমায়ূন আহমেদ সাহিত্য পুরষ্কার', 'শুভজন সাহিত্য সম্মাননা', 'এসবিএসপি-আরপি ফাউন্ডেশন সাহিত্য পুরষ্কার', 'জুনিয়র চেম্বার ইন্টারন্যাশনাল পুরষ্কার (সংস্কৃতির ক্ষেত্রে অবদানের জন্য) ২০১৩' এবং পশ্চিমবঙ্গের 'চোখ সাহিত্য পুরষ্কার-২০১৯' সহ অসংখ্য পুরষ্কার ও সম্মাননায়। চলচ্চিত্র নির্মাতা হিসেবেও পরিচিত এই লেখক। তাঁর চলচ্চিত্রের জন্য পেয়েছেন বাংলাদেশ শিল্পকলা একাডেমীর 'বাংলাদেশ স্বল্পদৈর্ঘ্য ও প্রামাণ্য চলচ্চিত্র পুরষ্কার ২০১৬'।

বক্তারা বলেন, বইমেলার অগ্রযাত্রায় শুধু মুক্তধারা ফাউন্ডেশন নয়, নিউইয়র্কের বাংলা জনসমাজ ও সংবাদমাধ্যমের ভূমিকা ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। অতীতের মতে এবারের মেলাও সফল হবে এই প্রত্যাশা জানিয়ে সংবাদ সম্মেলনের সমাপ্তি ঘটে।

যুক্তরাষ্ট্রে শরণার্থী মর্যাদা পেলেন শ্বেতাঙ্গ



শেষ পৃষ্ঠায় পর

করার নীতি নিয়েছে। যুক্তরাষ্ট্র মনে করছে, তাঁরা দক্ষিণ আফ্রিকায় ভূমি নিয়ে বিরোধ, অপরাধ ও বর্ণবাদের শিকার হচ্ছেন।

যদিও দক্ষিণ আফ্রিকার সরকার বরাবরই এমন অভিযোগ অস্বীকার করে আসছে।

ট্রাম্প প্রশাসনের দাবি 'আফ্রিকান সম্প্রদায়ের বর্ণগত বৈষম্য ও হুমকির শিকার তারা। এজন্য তাদের শরণার্থী আশ্রয় দেয়া হয়েছে।'

ওয়াশিংটনের ডালেস আন্তর্জাতিক বিমানবন্দরে শেতাঙ্গ দক্ষিণ আফ্রিকানদের স্বাগত জানান উপ-পররাষ্ট্রমন্ত্রী ক্রিস্টোফার ল্যান্ডাউ ও হোমল্যান্ড সিকিউরিটির উপ-সচিব ট্রয় এডগার। ল্যান্ডাউ বলেন, "তারা আমাদের সমাজে ফুলের মতো বিকশিত হবে।"

এদিকে দক্ষিণ আফ্রিকার প্রেসিডেন্ট সিরিল রামাফোসা এই সিদ্ধান্তের বিরোধিতা করে বলেন, "তারা শরণার্থী নয়, বরং সামাজিক পরিবর্তনের সঙ্গে খাপ খাওয়াতে না পেরে দেশ ছেড়েছে। শ্বেতাঙ্গদের উপর নিপীড়নের অভিযোগ ভিত্তিহীন।

অপরদিকে ট্রাম্প প্রশাসন শুধু শ্বেতাঙ্গ দক্ষিণ আফ্রিকানদের ক্ষেত্রে শরণার্থী গ্রহণের প্রক্রিয়া চালু রেখে অন্যসব শরণার্থী কর্মসূচি স্থগিত রাখায় আন্তর্জাতিক মহলে সমালোচনা চলছে।

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS CORP.



Direct Lender
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি

★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট

১লা এপ্রিল থেকে জ্যামাইকায় ১৭৩ স্ট্রীটে একজন অধূমপায়ী পুরুষ ব্যাচেলারের নিকট একটি রুম ভাড়া হবে। বাথরুম ও কিচেন শেয়ার। ভাড়া ৬৫০ ডলার। যোগাযোগঃ ৩৪৭-৩০৬- ৮৬৬৩.

রুম ভাড়াঃ
১লা মে থেকে কর্মজীবী মহিলাদের জন্য ৮৮-২১ ১৭০তম স্ট্রিট ১ম তলা, জ্যামাই-কার রুম ভাড়া। যোগাযোগ: ৯২৯-৬২৩-৮২৭৫, ৩৪৭-৫৯৩-৬৬১২

রুম ভাড়াঃ
৩৪-১০, ৮৪ স্ট্রীট, ৭ ট্রেন, কিউ-৩২/৩৩ বাস দুই ব্লকের মধ্যে এপার্টমেন্ট বিল্ডিংয়ের প্রথম তলায় একটি
বড় রুম, দুই জন কর্মজীবী মুসলিম বা স্বামী-স্ত্রীর নিকট এপ্রিল মাস থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৩৮-৭৬৬৬.

রুম ভাড়াঃ
ইস্টএলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউ এর মাঝে ৮১ স্ট্রিট এর উপরে এক তলায় ছেলেদের জন্য একটি রুম ভাড়া দেওয়া হবে। যোগাযোগ : ৯১৭-৩০১-২০৬৩

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ
ব্রঙ্কসের ৬ ট্রেন এর জেরেগা সাবওয়ের নিকটে মসজিদ, স্কুল ও মেডিকেল সেন্টার এর পাশে একটি ৩ বেডরুমের বাসা লিভিংরুম, ডাইনিং রুম, কিচেন ও বাথরুম সহ ভাড়া হবে। যোগাযোগ: ৩৪৭- ৭৪৮-৮৭৪৫। সময়- সকাল ৯টা থেকে রাত ১০টা।

বেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ১৫৫ স্ট্রীটে, ১০৯ সাটফিনে মনোরম পরিবেশে দুইবেড, লিভিং, ড্রাইনিং কিচেনসহ বেসমেন্ট ভাড়া হবে। মসজিদ, স্কুল, বাস দুই মিনিট হাটা। যোগাযোগ: **917 863-9002.**

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকাতে parsons Blvd & 84 Ave (160 st) Semi Basement একটি আলাদা রুম ১জন মহিলাকে ভাড়া দেয়া হবে। Rent $750. Contact 929-553-8358.

বাড়ি ভাড়াঃ
নতুন বাড়ী ভাড়া দেওয়া হবে। 203 Warwick ST, Brooklyn, NY, 11207. ১ম তলা: ৩ বেড রুম, বড় লিভিং রুম, ডাইনিং রুম, নতুন কিচেন এবং ২ বাথ রুম। ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ : **917-495-1391**
917-495-3908.

বাসা ভাড়া

রুম ভাড়া:
প্রাইম লোকেশনে ১লা মার্চ থেকে সম্পুর্ন নিরাপদ ও ভালো পরিবেশে ফ্যামিলির সাথে থাকার জন্য। ১জন স্টুডেন্ট অথবা কর্মজীবী বাঙালি নারীর জন্য এক রুমের বাসা ভাড়া দেওয়া হবে। যোগাযোগ:
105-10 217th Lane Queens village NY-11429 Subway E/F to Bus Q110 Q2 LIRR
Mobile. 646-934-3056

বাড়ি ভাড়াঃ
উডহ্যাভেনে দুই বেডরুমের একটি বড় বাসা সাবওয়ের কাছে ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৯০৭-৪০০৮, ৯২৯-৩৯৩-১৪৬৪.

বাসা ভাড়াঃ
১৬৪-৪ th Street, Hicksvill, NY 11108, সুন্দর মনোরম পরিবেশে (ব্রান্ডনিউ) হার্ট অফ হিক্সবিল মিডিল স্কুল এবং হাই স্কুল সাথে, হিক্সভিল সাবওয়ের কাছে। তিন বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। ৬৪৬-৯৮৩-৫৭৪৯.

বাসা ভাড়াঃ
৮১-১৫, ১৩৮ স্ট্রীট, ব্রায়ারউড (কিউ গার্ডেন সাবওয়ের সন্নিকটে) দোতলা (৩ বেডরুম, ১.৫ বাথরুম, ১ বেলকনি)র জন্য ভাড়াটিয়া আবশ্যক। ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগঃ ৬৪৬-৮৮৬-৬৪০৮, ৬৪৬-৬৬৪-৬৮৮৯.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা,হিলসাইড এভিনিউ এবং ২০৮ স্ট্রীট এর সন্নিকটে ২য় তলা ২ বেডরুম, লিভিং, ডাইনিং, কিচেন, বাথরুমসহ বাসা ভাড়া হবে। বাসার নিকটে মসজিদ, স্কুল, বাস ইত্যাদি। যোগাযোগঃ ৯২৯-৩০৯-৮৫৯৬.

বাসা ভাড়াঃ
ইস্ট এলমহার্স্ট জামে মসজিদ সংলগ্ন ২৫ এভিনিউ এবং ৯৮ স্ট্রীটে ২ বেডরুমর বাসা, ১ বেড রুমের বেসমেন্ট ১লা এপ্রিল থেকে ভাড়া হবে। নিউলি রিনোভেটেড।
ফোনঃ ৭১৬- ৬৩৮-৩০৪২.

বাসা ভাড়াঃ
২ বেডরুমের বাসা ভাড়া। জ্যামাইকা ইয়র্ক কলেজ সন্নিকটে ২ বেডরুমের ১টি ২য় তলা বাসা ১লা এপ্রিল থেকে ফ্যামিলির নিকট ভাড়া দেয়া হবে। ই ট্রেন এফ ট্রেন সাবওয়ে থেকে ১০ মিনিট দূরত্ব। ফোনঃ ৩৪৭-৪৮৪-৫২৮৩.

বাসা ভাড়াঃ
ওজনপার্ক লিবার্টি এভিনিউ এ ট্রেন বাইতুন নূর মসজিদের সংলগ্ন দ্বিতীয় তলা ৫টি রুম- দুটি বাথ, বড় কিচেন, ২টি চুলা, ২টি ফ্রিজ আছে। দুই পরিবার শেয়ার করতে পারবে। ৩৪৭-২৫৯-২৯৫৪/৩৪৭-২৫৫-৪৮৪৬

বাসা ভাড়াঃ
এলমহার্স্ট হাসপাতালের কাছে ছোট ফ্যামিলি বা দুইজন কর্মজীবী মহিলার কাছে বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগঃ ৭১৮-৪৪৬-২৭৫০, ৩৪৭-৬৭১-৫০৯৪.

বাসা ভাড়াঃ
Basement for rent (1 to 2 people max), con-sists of 1 bedroom and 1 living room with newly ren-ovated kitchen, located near Sayres Avenue 111-36 177th Street Jamaica, NY 11433. Please call 917-326-1370.

banglapatrikausa@gmail.com
বাংলা পত্রিকা'য় ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন
for More information Call: 718-482-9935

ডাক্তার পাত্রের জন্য পাত্রী চাই
৫৬ বছর বয়সী আমেরিকান সিটিজেন, ডিভোর্সড, সুদর্শন ডাক্তার পাত্রের জন্য সরাসরি অথবা ঘটক যোগাযোগ করুন।
Email: hmurshedmd@gmail.com
Phone: 850 866 9012

বাসা ভাড়াঃ
Queens G 3 bedrooms, 2 Full Bathrooms, Kitchen, Living Room mn Private house এর ৩ floor ভাড়া হবে। Q53, Q22, MQ16 Bus Ges A Train 1 ব্লক এর মধ্যে। ভাড়াটিয়া বিদ্যুৎ, রান্নার গ্যাস, গরম পানি, হিটিং বিল pay করবে। Section 8 এবং NYCHA program গ্রহণযোগ্য।
Address: 216 Beach 97 street, Rockaway Beach NY 11693. যোগাযোগ : 347-635-0705.

বাসা ভাড়াঃ
১০৭-৪৬ গাই-আর ব্রিউয়ার বুলেভার্ড, জ্যামাইকা, ২ ফ্যামিলির বাসার ২য় তলার তিন বেড, প্রশস্ত কিচেন, লিভিং রুমের বাসা ভাড়া দেয়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে (ব্যাচেলার/ফ্যামিলি)। যোগাযোগঃ ৩৪৭-৬৫৪-৬৫০২.

বাসা ভাড়াঃ
২৪৫ স্ট্রীট বেলরোজ কুইন্স এ সেমিবেসমেন্টে এক বেডরুমের বাসা (লিভিং / ডাইনিং, কিচেন) এবং প্রথম তলায় একটি সিঙ্গেল রুম ভাড়া হবে পহেলা আগস্ট হতে। LIRR 3 minutes walk. Parking available. Ph: 917-605-9315.

বাসা ভাড়াঃ
জ্যামাইকা পারসন্স বুলেভার্ড এলাকায় এফ ট্রেন এর ২ মিনিট হাঁটার দূরত্ব, ৩ বেডরুম এর বাসার একটি রুম/ শেয়ারে ভাড়া হবে। শুধুমাত্র পুরুষ ব্যাচেলারের জন্য।
যোগাযোগঃ 929-261- 9941.

বাসা ভাড়াঃ
রিচমন্ডহিল ৮৬ এভিনিউ ১২৭ স্ট্রীট ২য় তলা জুলাই ১ তারিখ থেকে ৩ রুম, কিচেন, ডাইনিং ১ বাথরুম সম্পূর্ণ নতুন ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৯১৭-৩০২ ৭১৫৬.

বেসমেন্ট ভাড়াঃ
বেসমেন্ট ভাড়া দেয়া হবে ১লা আগস্ট থেকে কুইন্স ভিলেজ ২ বেডরুমের বেসমেন্ট ভাড়া দেয়া হবে (ফ্যামিলি কেস) কিচেন, বাথরুম সম্পূর্ণ আলাদা, বাসার নিকেটঃ কিউ ২ এবং কিউ-৭৭ বাস। ১০১ এভিনিউ, ২০৮ স্ট্রীট কুইন্স ভিলেজ। যোগাযোগঃ ৯২৯-৩৫০-৭২৯৫.

বেসমেন্ট ভাড়াঃ
জুলাই মাস অথবা ১লা আগস্ট, ২০২৪ হতে স্বামী-স্ত্রী অথবা ২জন কর্মজীবী মহিলা- ৪৬৯ জর্জজিয়া এভিনিউ, ব্রুকলীন, নিউ ইয়র্ক ১১২০৭। সাবওয়ে ৩ এবং এল ট্রেন। যোগাযোগঃ ৯১৭-৩৬২ ৩১৯০.

সেমিবেসমেন্ট ভাড়াঃ
জ্যামাইকা ২০৪ স্ট্রীট ৯০ এভিনিউ একটি প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। স্বামী-
স্ত্রীর অথবা কর্মজীবী মহিলা অগ্রাধিকার। ফোনঃ ৩৪৭-২৬৪-০৭৩৫

House for rent: (1) Renovated 4 bed ,1 bathroom. (1) New 3 bed and 1 bathroom basement. Queen Village. 631-568-6061. Close to Bus or train.

House For Rent: October 1st 3 bedroom 1 bath For rent in 2nd floor one block away from Mosque & Grocery . Q6 bus 3 stop to Sutphin Blvd E train . zip code 11433 . Next to Fresh Farm Halal Supermarket.
Contact- 347-925-3356 or 929-542-6400.

House for rent :
3551 Rochambeau Ave, 2nd Floor, 3 Bedroom, Big Living Room eat in Kitchen, Bronx NY 10462. Call or text-718 690-4556, 631-337 6029.

Apartment for rent:
1 BDRM in Ozone Park near Woodhaven Blvd. 1st Fl, all included. Mul tiple Bachelors preferred $1,900, available immediately. 646-267-7919.

Apartment for rent:
2 bedrooms 1st floor or 3 bedrooms 2nd Floor with living room at 143 Street and 84th Drive, Briarwood, Walking distance to E/F train. Good Credit and income re quired. Contact 646 389-8259.

Apartment For Rent

3-bedroom apartment in private house in Jamaica near 177th St and Liberty Avenue available for rent. Please contact Mojib at (347) 234-8295.

টিএলসি কার ভাড়াঃ টিএলসি ভাড়া হবে। লং টাইমের জন্য হাইব্রিড কার ভাড়া হবে। যোগাযোগঃ ৭১৮- ২৪৯-৯৫২৫. টিএলসি গাড়ি ভাড়াঃ টিএলসি গাড়ি ভাড়া দেওয়া হবে। হাইব্রিড হোন্ডা একরড ২০১৮। ভাড়া সাপ্তাহিক ৫০০ ডলার। আগ্রহীগণ যোগাযোগ (৭১৬) ৮০০-৭৬২৩

ড্রাইভারঃ জ্যাকসন হাইটস ও উডসাইড এলাকায় র‍্যাভ-৪ ইয়েলো ক্যাব গাড়ির জন্য দিনের শিফটের জন্য একজন ড্রাইভার আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-২২৯-৬৮৩৬.
ড্রাইভারঃ TLC **বাৎসরিক চুক্তিতে, চারশত মাস করে, আগ্রহীরা নিম্নের নম্বরে যোগাযোগ করুন। মোবাঃ ৬৪৬-৭০৪-৫৭৪৯.**

বর্ণাঢ্য আয়োজনে বাংলাদেশী-আমেরিকান এনওয়াইসিটি'র রি-ইউনিয়ন











নিউইয়র্ক : নিউইয়র্ক সিটির এমটিএ-তে বিপুল সংখ্যক বাংলাদেশী বিভিন্ন পদে কর্মরত। সিটির ট্রানজিট বিভাগে কর্মরত বাংলাদেশীদের সংগঠন 'বাংলাদেশী-আমেরিকান এনওয়াইসি এমপ্লয়িজ'। সংগঠনের সদস্যদের মধ্যকার পারস্পারিক সৌহার্দ্য-সম্প্রীতি জোরদারের পাশাপাশি পরিবারের সদস্যদের বিনোদনের জন্য শুক্রবার (১৬ মে) সন্ধ্যায় উডসাইডের জয়া পার্টি হলে বর্ণাঢ্য আয়োজন করা হয় বার্ষিক রি-ইউনিয়ন। অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির এমটিএ'র শীর্ষ স্থানীয় কর্মকর্তা এবং কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গসহ সংশ্লিস্টদের সপরিবারে অংশগ্রহণে মুখরিত হয়ে উঠে অনুষ্ঠানস্থল। অনুষ্ঠানমালার মধ্যে ছিলো শুভেচ্ছা বিনিময়, আড্ডা, বিনোদন আর নৈশভোজ ছিলো অনুষ্ঠানের কর্মকান্ড।

জাতীয় সঙ্গীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে এনওয়াইসিটি'র টিডব্লিউইউ লোকাল ১০০ ইউনিয়ন-এর প্রেসিডেন্ট জন ভি চিয়ারেললো এবং এটিইউ লোকাল ১০৫৬-এর প্রেসিডেন্ট/বিজনেস এজেন্ট লুইস এফ আলজাট সহ টিডব্লিউইউ লোকাল ১০০ ইউনিয়ন-এর উচ্চ পদস্থ কর্মকর্তাদের মধ্যে আমন্ত্রিত অতিথি ছিলেন কার্লস বার্নাবেল, শিরলী মার্টিন, আলেক্সজেন্ডার কেম্প, ট্রামেল থমপসন ও রবার্ট কেলী। এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে মূলধারার রাজনীতিক এটর্নী মঈন চৌধুরী, পার্কচেষ্টার ব্রঙ্কস রিয়েলটি ইনক ও পার্কচেষ্টার প্রোপার্টি ম্যানেজমেন্ট ইনক'র অন্যতম কর্ণধার সালেহ উদ্দিন সাল, বিশিষ্ট ব্যবসায়ী গ্রীন মেকানিক্যাল ইয়ংকার্স-এর সিইও তোফায়েল চৌধুরী প্রমুখ আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন।

অপরদিকে 'বাংলাদেশী-আমেরিকান এনওয়াইসি এমপ্লয়িজ' ও আয়োজকদের পক্ষ থেকে বক্তব্য রাখেন অনুষ্ঠানের সমন্বয়কারী সাদেক আহমেদ, সাঈফুর রহমান, রোকশানা বেগম, আহনাফ আলম, জুবায়ের আহমেদ, মোহাম্মদ সামাদ মিয়া সহ তারেক আহমেদ প্রমুখ। অনুষ্ঠান আয়োজক কমিটির উপদেষ্টারা ছিলেন যথ াক্রমে ফরহাদুল ইসলাম, জামাল আহমেদ, মোহাম্মদ আসাদুল্লাহ, মোহাম্মদ হাসেন, মোহাম্মদ একলাসুর রহমান, অমল দে, আকতারুজ্জামান খান, তারেক আহমেদ, সাঈদ আহমেদ হক, সাইম মুন্তাকিম, মোহাম্মেদ চৌধুরী ও মোহাম্মদ মনসুর।

অনুষ্ঠানে অতিথি বক্তারা এমটিএ-তে কর্মরত বাংলাদেশীদের কর্মকান্ডের ভূয়সী প্রশংসা করেন এবং আগামী দিনে বাংলাদেশী-আমেরিকানরাই এমটিএ-তে নেতৃত্ব দেবেন বলে আশাবাদ ব্যক্ত করেন। তারা বলেন, শুধু এমটিএ নয়, সিটির বিভিন্ন বিভাগে বাংলাদেশীরা আরো এগিয়ে যাবেন। তারা নিজ নিজ যোগ্যতা বলে প্রশাসনের শীর্ষ স্থানে অধিষ্ঠিত হবেন- এমন প্রত্যাশা প্রবাসী বাংলাদেশীদের। এছাড়াও বিগত বছরগুলোর মতো এবারের রি-ইউনিয়ন সফল হওয়ায় আগামীতেও এমন অনুষ্ঠান আয়োজন অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন আয়োজকরা।

বিনোদন পর্বে প্রবাসের জনপ্রিয় শিল্প ও এমটিএ পরিবারের সদস্যরা সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন। নৈশভোজের মাধ্যমে সমাপ্তি ঘটে অনুষ্ঠানের।






সায়রা খানম চৌধুরীর দাফন সম্পন্ন

মরহুমার নামাজে জানাজা বৃহস্পতিবার (১৫ মে) বাদ জোহর নর্থ ব্রঙ্কস ইসলামিক সেন্টারে অনুষ্ঠিত হয়। এতে কমিউনিটি নেতৃবৃন্দ সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী অংশ নেন। জানাজার আগে বেলাল চৌধুরী ও ইফজাল চৌধুরী সংক্ষিপ্ত বক্তব্য রাখেন এবং তার মায়ের জন্য সবার দোয়া কামনা করেন। পরবর্তীতে অপরাহ্নে তার মরদেহ নিউজার্সীর পেটারসনের কবরস্থানে দাফন করা হয়।

উল্লেখ্য, বুধবার (১৪ মে) নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের মন্টিফিউর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেছেন। (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার বয়স হয়েছিলো ৭৩ বছর। মৃত্যুকালে তিনি ৫ পুত্র ও ৬ কন্যা এবং নাতি-নাতনী সহ বহু আত্নীয়স্বজন রেখে যান। জানা যায়, সায়রা খানম চৌধুরী শারীরিক অসুস্থতার জন্য বিগত ৯/১০দিন ধরে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। বুধবার সকাল ৬টা ১৫ মিনিটে তিনি হাসপাতালেই শেষ নি:শ্বাস ত্যাগ করেন।

শোক প্রকাশ: বেলাল চৌধুরী ও ইফজাল চৌধুরীর মাতৃবিয়োগে জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রিজু মোহাম্মদ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

এছাড়াও কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ ও কমিউনিটি নেতৃবৃন্দও গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন। পৃথক পৃথকভাবে শোক জানিয়েছেন বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম ও সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা'র সভাপতি বদরুল হোসেন খান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক রোকন হাকিম, জালালাবাদ এসোসিয়েশন-এর অপরাংশের সভাপতি মইনুল ইসলাম ও সাধারণ সম্পাদক আতাউল গণি আসাদ প্রমুখ।



আরো শোক জানিয়েছেন কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সদস্য গিয়াস আহমেদ ও জিল্লুর রহমান জিল্লু, নিউইয়র্ক মহানগর (উত্তর) বিএনপির সভাপতি আহবাব চৌধুরী খোকন ও সাধারণ সম্পাদক ফয়েজ চৌধুরী প্রমুখ।



ইমিগ্র্যান্টদের আইনি



শেষ পৃষ্ঠায় পর ১২ মে সোমবার সন্ধ্যায় জ্যাকসন হাইটসের সানাই রেস্টুরেন্ট এন্ড পার্টি হলে আয়োজিত এই সেমিনারটি আয়োজন করে যুক্তরাষ্ট্রের অভিবাসন আইনে সুপরিচিত প্রতিষ্ঠান মাইকেল ই পিস্টন আইন অফিস। সেমিনারের সঞ্চালনায় ছিলেন ফাওজিয়া আরিনা।

শুরুতেই তিনি বলেন, সাম্প্রতিক সময়ে অভিবাসন নীতিতে যেসব কড়াকড়ি আরোপ করা হয়েছে, তাতে বাংলাদেশি অভিবাসীরা একাধিক জটিল পরিস্থিতির মুখোমুখি হচ্ছেন। বিশেষ করে, ভিসা ব্যাকলগ, আশ্রয়ের আবেদন প্রত্যাখ্যান, নির্বাসনের ঝুঁকি এবং অভিবাসন আইন প্রয়োগকারী সংস্থাগুলোর কঠোর ভূমিকার কারণে অনেকেই উদ্বিগ্ন ও বিপাকে পড়েছেন।

মূল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন অভিবাসন আইন বিশেষজ্ঞ এটর্নি মাইকেল এডওয়ার্ড পিস্টন ও তার সহকর্মী ল অফিসার লোকমান হোসেন ভূঁইয়া। তারা যুক্তরাষ্ট্রের বর্তমান অভিবাসন নীতির পরিবর্তন এবং এর বাস্তব প্রভাব নিয়ে বিশদ আলোচনা করেন। বিশেষজ্ঞদের মতে, নীতিগত পরিবর্তন শুধু বর্তমান আইনি অবস্থান নয়, অভিবাসীদের ভবিষ্যৎ পরিকল্পনাকেও প্রভাবিত করছে। তারা বলেন, সময়মতো সঠিক আইনি পরামর্শ ও সহায়তা গ্রহণের মাধ্যমেই এসব চ্যালেঞ্জ মোকাবিলা সম্ভব।

সেমিনারে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ ফেডারেশন অব চেম্বারস অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (এফবিসিসিআই)-এর সভাপতি গিয়াস আহমেদ এবং কমিউনিটি অ্যাক্টিভিস্ট আজগর হোসাইন খান বাবু। তারা জানান, বিশেষ করে যেসব বাংলাদেশি শিক্ষার্থী টার্মিনেশনের শিকার হয়েছেন, তাদের জন্য মাইকেল ই পিস্টন আইন অফিস বিনামূল্যে আবেদনসহ আইনি সেবা দেবে।

সেমিনারে বক্তারা একমত হন যে, অভিবাসন আইন সম্পর্কে সচেতনতা ও আইনগত সহায়তার প্রয়োজনীয়তা আগের যেকোনো সময়ের চেয়ে এখন বেশি। বর্তমান পরিস্থিতিতে বাংলাদেশি অভিবাসীদের তাদের অধিকার সম্পর্কে জানার পাশাপাশি প্রযোজ্য পদক্ষেপ গ্রহণে সতর্ক ও সক্রিয় হতে হবে। বক্তারা আরও বলেন, এই ধরনের সেমিনার শুধু তথ্যভিত্তিক আলোচনার সুযোগই সৃষ্টি করে না, বরং অভিবাসীদের জন্য একটি সুনির্দিষ্ট দিকনির্দেশনাও দেয়, যা তাদের নিরাপদ ও স্থিতিশীল ভবিষ্যৎ নির্মাণে সহায়ক হতে পারে।

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার
ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন

অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক



- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

KAKATUA AGENCY 25th Anniversary 1990 2015

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorised IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস
ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com

নিউইয়র্কে মুড়িয়া সামাজিক-সাংস্কৃতিক সমিতির আত্মপ্রকাশ



নিউইয়র্ক: নিউইয়র্কে মুড়িয়া সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএ ইনকের কার্যকরী পরিষদের আত্মপ্রকাশ ঘটেছে। এ উপলক্ষ্যে গত রোববার সন্ধ্যায় নিউইয়র্কের কুইন্সে আল-মদিনা পার্টি হলে সম্মেলনের মাধ্যমে নতুন কার্যকরী পরিষদের গঠন ও শপথ শপথ বাক্য পাঠ করানো হয়।

সম্মেলনের আহ্বায়ক গোলাম মর্তুজার সভাপতিত্বে ও সদস্য সচিব ইফজাল আহমেদের পরিচালনায় কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে সম্মেলনের কার্যক্রম শুরু হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আজমল হোসেন কুনু। বিশেষ অতিথি ছিলেন জালালাবাদ এসোসিয়েশনের সভাপতি বদরুল হোসেন খান, বিয়ানীবাজার সমিতির সভাপতি আব্দুল মান্নান ও সাবেক সভাপতি বুরহান উদ্দিন কফিল, বিয়ানীবাজার সমিতির সাবেক উপদেষ্টা আজিজুর রহমান পাখি, সমাজসেবক আবুল হোসেন, কুইন্স বাংলাদেশ সোসাইটির সভাপতি সামসুদ্দিন, ব্যবসায়ী সানওয়ার চৌধুরী।

অতিথি ছিলেন গীতিকার গৌছ উদ্দিন খান, বিয়ানীবাজার সামাজিক ও সাংস্কৃতিক সমিতি ইউএসএর সাধারণ সম্পাদক রেজাউল আলম অপু ও সাবেক সাধারণ সম্পাদক নাজমুল হক মাহবুব, মাথিউরা ইউনিয়ন সমিতির সাবেক সভাপতি কমর উদ্দিন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আব্দুল ফাত্তাহ, আব্দুস সালাম, সরোয়ার হোসেন, মোরশেদ আলম, শামীম আহমদ, জালালাবাদ এসোসিয়েশনের কোষাধ্যক্ষ মোহাম্মদ আলিম, বীর মুক্তিযোদ্ধা আহমাদ হোসেন বাবুল, বিয়ানীবাজার সমিতির সাবেক নির্বাচন কমিশনার হেলাল আহমদ, মাজেদ দিপু, নাসির আহমদ, আবুল হোসেন, শাহিন আহমদ, শামিম আহমদ, সমাজসেবক আলাউদ্দিন, বাংলাদেশ সোসাইটির সদস্য হাসান খান, রাজনীতিবিদ হাসান আহমদ, সরোয়ার হোসেন, সমাজসেবক জামাল হোসেন, বিয়ানীবাজার সমিতির সাবেক সাংগঠনিক সম্পাদক আবু তালহা, আশরাফুল হাসান।

সম্মেলনে ইফজাল আহমদকে সভাপতি ও খলকুর রহমানকে সাধারণ সম্পাদক করে কার্যকরী কমিটি গঠন করা হয়। কমিটির বাকিরা হলেন সহ-সভাপতি আব্দুর নুর হারুন ও আব্দুল হামিদ, সহ-সাধারণ সম্পাদক ফয়ছল আলম, কোষাধ্যক্ষ আব্দুল বাছিত, সাংগঠনিক সম্পাদক বিলাল উদ্দিন, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক রেদোয়ান হোসেন, প্রচার সম্পাদক জুবের আহমদ, ক্রীড়া সম্পাদক আবেদ আহমদ মিষ্টু, কার্যকরী সদস্য গোলাম মর্তুজা, নাজমুল চৌধুরী, আলতাফ চৌধুরী, আব্দুল গফফার, ছাইফুল ইসলাম, আবু তাহের আছাদ, সাব্বির উদ্দিন, আলমগীর শাহ জেবুল, জামিল আহমেদ।

অনুষ্ঠানের গোলাম মোর্তজার বাংলাদেশ প্রত্যাবর্তন উপলক্ষ্যে ইউনিয়নবাসীর পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট দেওয়া হয়।

বাংলাদেশ সোসাইটির সাবেক সভাপতি আজমল হোসেন কুনু কার্যকরী পরিষদকে শপথ বাক্য পাঠ করান।--- প্রেস বিজ্ঞপ্তি





আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com

MATRIMONIAL SERVICE
(NYC REGISTERED)



নিউইয়র্ক সিটির রেজিষ্টার্ড কাজী
নিউইয়র্ক যে কোন ব্যুরোতে
* শরীয়ত সম্মত বিবাহ পড়ানো হয়।
* প্রয়োজনীয় ডকুমেন্টের জন্য ম্যারেজ সার্টিফিকেট প্রদান করা হয়।
Contact
QAZI ASHRAF HASAN
Phone: (929) 705 2645

সম্মিলিত ব্রঙ্কসবাসীর সভা অনুষ্ঠিত



শেখ শফিকুর রহমান: ব্রঙ্কসে বসবাসকারী বাংলাদেশি প্রবাসীদের সংগঠন সম্মিলিত ব্রঙ্কসবাসীর সভা অনুষ্ঠিত হয়েছে।

গত ১২ মে সোমবার সন্ধ্যায় স্ট্রার্লিং বাংলাবাজারের গোল্ডেন প্যালেসে আয়োজিত সভায় বিশিষ্ট বাংলাদেশি কমিউনিটি ব্যক্তিত্ব মোঃ আব্দুস শহীদের সভাপতিত্বে ও শামীম আহমেদের সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন মোমিন মজুমদার,মাহবুব আলম,আব্দুল মুহিত,মোশাহিদ চৌধুরী,শেখ শফিকুর রহমান,কামরুজ্জামান বশির চেয়ারম্যান,শামসুল আলম দিদার চেয়ারম্যান,এন ইসলাম মামুন,কামাল উদ্দিন ,জহিরুল ইসলাম,তোফাজ্জল হোসেন,আবুল কাসেম,সামাদ মিয়া জাকেরিন,আশরাফ চৌধুরী,আনোয়ারুল হক ভূঁইয়া,মোস্তাফিজুর রহমান লিটন,মোজাফ্ফর হোসেন,মাহবুব খান প্রমুখ।

সভায় উপস্থিত সকলের মতামতের ভিত্তিতে মাহবুব আলম কে আহ্বায়ক ও শামীম আহমেদ কে সদস্য সচিব নির্বাচিত করে অনুষ্ঠান উদযাপন কমিটি গঠন করা হয় এবং সিদ্ধান্ত হয় সম্প্রতি বাংলাদেশ সোসাইটি ইনকের ট্রাস্টি বোর্ডের সদস্য হিসেবে ব্রঙ্কস থেকে নির্বাচিত জুনেদ চৌধুরী কে সংবর্ধনা দেওয়া ও বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম হজ্বে গমন উপলক্ষে বিদায় জানানো। এ উপলক্ষে আগামী ২১শে মে বুধবার বিকেলে স্ট্রালিং বাংলাবাজারের গোল্ডেন প্যালেসে সংবর্ধনা সভা অনুষ্ঠিত হবে।







একক প্যানেল হিসেবে মনোনয়ন জমা শামীম-অলি পরিষদের





শেষ পৃষ্ঠায় পর হিসেবে মনোনয়ন পত্র দাখিল করেছেন সভাপতি শামীম আহমেদ ও সাধারণ সম্পাদক শেখ অলি আহাদ পরিষদ। এর ফলে ২৫শে মে নির্বাচনের দিন শামীম-অলি পরিষদ পূর্ণ প্যানেলে বিনা প্রতিদ্বন্দ্বিতায় জয়লাভ করতে যাচ্ছেন।

১৯৯৮ সালে শুরু হওয়া ব্রঙ্কসে বাংলাদেশীদের একমাত্র সংগঠন বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক ইনকের স্ট্রালিন বাংলাবাজারের নীরব রেস্টুরেন্টে অস্থায়ী নির্বাচনী কার্যালয়ে নির্বাচন কমিশনের নিকট ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ২৫ সদস্যের কমিটি গঠনের জন্য মনোনয়ন পত্র জমা করেন একমাত্র প্যানেলটি।সোসাইটির প্রধান নির্বাচন কমিশনার মাহবুব আলম,অপর দুই নির্বাচন কমিশনার হলেন মোঃ শামীম মিয়া ও আবু কাউছার চিশতি।

আনুষ্ঠানিকভাবে শামীম অলি পরিষদ কর্মী সমর্থকদের সাথে নিয়ে নির্বাচনী কার্যালয়ে উপস্থিত হন। মনোনয়ন প্রত্যাশীদের উদ্দেশ্যে বক্তব্য রাখেন সাবেক সভাপতি মোঃ আব্দুস শহীদ,উপদেষ্টা আব্দুল মুহিত,বাংলাদেশ সোসাইটির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক সিরাজ উদ্দিন আহমেদ সোহাগ,জালালাবাদ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক রোকন হাকিম,সাবেক উপজেলা চেয়ারম্যান নুরুল ইসলাম,বর্তমান সভাপতি সামাদ মিয়া জাকারিয়া। নির্বাচন কমিশন থেকে জানানো হয় যে আগামী ২৫ই মে নির্বাচনের দিন আনুষ্ঠানিকভাবে বিজয়ী প্যানেল কে নির্বাচিত ঘোষণা করা হবে যেহেতু শেষ মুহূর্ত পর্যন্ত নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য আর কোনো প্যানেল নেই। প্রেস বিজ্ঞপ্তি

আটলান্টা ফোবানা সম্মেলন নেতৃবৃন্দের নিউইয়র্কে মতবিনিময়



শেষ পৃষ্ঠায় পর কার্যক্রম এবং আসন্ন ফোবানা সম্মেলনের প্রস্তুতি নিয়ে কথা বলেন। সভায় ফোবানা কর্মকর্তারা সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের কাছে গঠনমূলক পরামর্শ জানতে চান এবং সংবাদ মাধ্যমের প্রতিনিধিরা তাদের বেশকিছু গঠনমূলক মন্তব্য এবং পরামর্শ শেয়ার করেন।

মতবিনিময় সভায় ফোবানা সেন্ট্রাল কমিটির এক্সিকিউটিভ সেক্রেটারি আবীর আলমগীর (নিউইয়র্ক), ৩৯তম ফোবানা সম্মেলন এর কনভেনর নাহিদুল খান সাহেল (আটলান্টা), মেম্বার সেক্রেটারি মাহবুবুর রহমান ভুঁইয়া (আটলান্টা), হোস্ট প্রেসিডেন্ট ডিউক খান (আটলান্টা), কো-কনভেনর কাজী নাহিদ (আটলান্টা) এবং ফোবানা অ্যাডভাইজারি কমিটির অন্যতম অ্যাডভাইজার নার্গিস আহমেদ (নিউইয়র্ক)।

উল্লেখ্য, আগামী লেবার ডে উইকেন্ডে ২৯, ৩০ ও ৩১ আগস্ট আটলান্টা, জর্জিয়ার গ্যাস সাউথ কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হতে যাচ্ছে উত্তর আমেরিকায় প্রবাসী বাংলাদেশীদের সর্ববৃহৎ মিলনমেলা ৩৯তম ফোবানা সম্মেলন ২০২৫। এবারের আয়োজক সংগঠন আটলান্টার বাংলা ধারা। উত্তর আমেরিকার ২৪টি শহর থেকে ৮৭টি সংগঠন এবারের সম্মেলনে অংশগ্রহণ করছে। এবারের তিনদিনের সম্মেলনে পুরো উত্তর আমেরিকা থেকে ৮ হাজারেরও বেশী প্রবাসী বাংলাদেশীরা অংশ নেবে বলে আশা করা যায়। এছাড়াও আরও ৮টি দেশ থেকেও প্রবাসী বাংলাদেশী বিজনেস পারসোনালিটিরাও অংশ নেবেন এবারের সম্মেলনে।

আমেরিকান কারি অ্যাওয়ার্ডস নিয়ে ব্যাপক আগ্রহ

শেষ পৃষ্ঠায় পর এতে বাছাইকৃত ৫০ জন হোম শেফ অংশগ্রহণ করছেন। আগামী ১৮ মে রোববার ব্রঙ্কসের খলিল বিরিয়ানি হাউসে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। তিনটি ক্যাটাগরিতে এই প্রতিযোগিতার মাধ্যমে বেস্ট হোম শেফ এওয়ার্ড প্রদান করা হবে। 'এবার আপনিও হবেন শেফ' স্লোগানে এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্য থেকে বাছাইকৃত মনোনীতদের একটি প্রাথমিক তালিকা প্রতিযোগিতার সম্মানিত বিচারকমন্ডলীকে দেওয়া হয়েছে।

বেস্ট হোম শেফ প্রতিযোগিতা ছাড়াও আরও ৮টি ক্যাটাগরিতে কারি এওয়ার্ডস প্রদান করা হবে। এজন্য যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন দেশ থেকে আগ্রহীরা রেজিস্ট্রেশন করেছেন। ক্যাটাগরিগুলো হলো: বেস্ট রেস্টুরেন্ট, বেস্ট শেফ, বেস্ট ফুড ব্লগার, বেস্ট এন্টারপ্রোনিউর, শেফ অব দ্য ইয়ার, পারসনালিটি অব দ্য ইয়ার, কারি লিজেন্ড এওয়ার্ড এবং লাইফটাইম অ্যাচিভমেন্ট এওয়ার্ড।

সংবাদ সম্মেলনে জানানো হয়, আমেরিকান কারি এওয়ার্ডসে দেশ-বিদেশের বরেণ্য রন্ধনশিল্পীরা যোগ দিচ্ছেন। প্রতিযোগিতার বিচারকমন্ডলিরা হলেন– বিশ্বের অন্যতম জনপ্রিয় শেফ টনি করিম খান, ভারতের বিশিষ্ট রন্ধন বিশেষজ্ঞ ও কালিনারি ফোরামের সদস্য ড. ইজ্জত হুসেন, মালয়েশিয়ান কালিনারি বিশেষজ্ঞ রসাহম বিন রুসলি, সৌদি আরবে ওয়ার্ল্ড কালিনারি অ্যাসোসিয়েশন (ডব্লিউএসি) এর সার্টিফাইড প্রশিক্ষক মনতাসির মাসউদ, বাহরাইনের বিখ্যাত কালিনারি বিশেষজ্ঞ ও হসপিটালিটি কনসালটেন্ট সিলভারস্টার রোজারিও, জর্ডানের পেশাদার কালিনারি বিশেষজ্ঞ মাহমুদ ইয়াসিন, ব্রিটিশ-বাংলাদেশি ক্যাটারিং ব্যবসায়ী অলি খান এমবিই, যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ইউনিভার্সিটি অব সায়েন্স এন্ড টেকনোলজির সহকারী অধ্যাপক মো. গোলাম মোস্তফা, বাংলাদেশের সফল নারী উদ্যোক্তা, রন্ধনশিল্পী ও টেলিভিশন ব্যক্তিত্ব রাহিমা সুলতানা রীতা, আন্তর্জাতিক রন্ধনশিল্পী, রান্নার সৃজনশীল উদ্ভাবক ও লেখক শাহেদা ইয়াসমিন, কালিনারী বিশেষজ্ঞ মেরীনা খন্দকার এবং কালিনারী বিশেষজ্ঞ লবি রহমান।

এওয়ার্ডস অনুষ্ঠানে আরও উপস্থিত থাকবেন বংলাদেশের জনপ্রিয় কনটেন্ট ক্রিয়েটর, ফুড ব্লগার ও ইনফ্লুয়েন্সার আদনান ফারুক হিল্লোল ও জলটান বিডি খ্যাত





নুসরাত ইসলাম। অনুষ্ঠানে যুক্তরাষ্ট্রের বিভিন্ন স্টেটের বিশিষ্ট ব্যক্তিবর্গ, রাজনীতিবিদ ও আইনপ্রণেতারা উপস্থিত থাকবেন। আসছেন বাংলাদেশের ডেফোডিল ইউনিভার্সিটির চেয়ারম্যান ড. সবুর খান।

মো. খলিলুর রহমান বলেন, যুক্তরাষ্ট্রে রন্ধনশিল্প জগতে কারি এওয়ার্ডসের আয়োজন ব্যাপক সাড়া ফেলেছে। ইতোমধ্যে এওয়ার্ডের একটি ইউনিক ও স্বতন্ত্র্য ডিজাইন করা হয়েছে। সংবাদ সম্মেলনে এওয়ার্ডস-এর ট্রফি উন্মোচন করা হয়। দৃষ্টিনন্দন ট্রফি দেখে সবাই উচ্ছ্বসিত প্রশংসা করেন।

আকাশ রহমান বলেন, যুক্তরাষ্ট্রে প্রথমবারের মতো হলেও আয়োজনটিকে আন্তর্জাতিকমানের করার জন্য আমরা সর্বাত্মক চেষ্টা করছি। আশা করছি, সবার অংশগ্রহণে ভিন্নধারার জমকালো একটি আয়োজন আমরা সফলভাবে সম্পন্ন করতে পারবো।

সংবাদ সম্মেলনে অমেরিকান কারি এওয়ার্ডসের বিভিন্ন দিক নিয়ে বক্তব্য রাখেন হোম শেফ প্রতিযোগিতার সমন্বয়ক সাদিয়া খন্দকার।

আমেরিকান কারি এওয়ার্ডসের টাইটেল স্পন্সর আশা রেস্টুরেন্ট ও খলিল বিরিয়ানি হাউস।

জন্মসূত্রে নাগরিকত্ব: ট্রাম্পের আদেশ নিয়ে বিপাকে মার্কিন সুপ্রিম কোর্ট

শেষ পৃষ্ঠায় পর

জেনারেল ডি জন সাওয়ার বলেন, বিচারকদের দেশজুড়ে স্থগিতাদেশ জারির ক্রমবর্ধমান প্রবণতা 'বিকারে' পরিণত হয়েছে।

লিবারেল বিচারক সোনিয়া সোটোমেয়র বলেছেন, "আমরা যদি সেই হাজার হাজার শিশুর কথা চিন্তা করি, নাগরিকত্বের কাগজপত্র ছাড়া জন্মগ্রহণ করায় যারা রাষ্ট্রহীন হয়ে পড়তে পারে এবং তারা সরকারি সুযোগ-সুবিধাও পাবে না, তাহলে অবশ্যই আদালতের এই (নির্বাহী) আদেশের বৈধতা বিবেচনা করা উচিত।"

ট্রাম্পের নির্দেশকে চ্যালেঞ্জ জানিয়ে যারা মামলা করেছে তারা বলছেন, প্রেসিডেন্টের নির্বাহী আদেশ কার্যকর হলে প্রতি বছর দেড় লাখের বেশি নবজাতক নাগরিকত্ব থেকে বঞ্চিত হবে।

মামলাকারীদের তালিকায় ২২টি অঙ্গরাজ্যের ডেমোক্র্যাট অ্যাটর্নি জেনারেলের পাশাপাশি অভিবাসন অধিকার কর্মী ও অন্তঃসত্ত্বা অভিবাসীরাও আছেন।

তাদের মতে, ১৮৬৮ সালে দাসপ্রথা বিলুপ্তির পর গৃহযুদ্ধের প্রেক্ষাপটে গৃহীত ১৪তম সংশোধনী অনুযায়ী যুক্তরাষ্ট্রে জন্ম নেওয়া সবাই নাগরিক-এটাই দীর্ঘদিনের প্রতিষ্ঠিত ব্যাখ্যা।

১৮৯৮ সালের 'ওং কিম আর্ক' মামলায় সুপ্রিম কোর্ট রায় দিয়েছিল-অভিবাসী বাবা-মায়ের ঘরে জন্ম হলেও শিশু নাগরিকত্ব পাবে। ট্রাম্প প্রশাসনের মতে, ওই রায় কেবল 'স্থায়ীভাবে বসবাসরত' অভিবাসীদের ক্ষেত্রেই প্রযোজ্য।

বিচারক ব্রেট কাভানা আদেশটির বাস্তবিক প্রয়োগ নিয়েও প্রশ্ন তুলেছেন, "আদেশটি কার্যকর হলে হাসপাতালগুলো নবজাতকদের নিয়ে কী করবে? রাজ্যগুলো কীভাবে নাগরিকত্ব দেবে, কিংবা দেবে না?"

অনেকে মনে করছেন, সুপ্রিম কোর্ট ট্রাম্পের আদেশের কার্যকারিতা কেবল ওইসব অঙ্গরাজ্যেই স্থগিত রাখতে পারে যেসব অঙ্গরাজ্যের অ্যাটর্নি জেনারেলরা মামলা লড়ছেন।

তবে এক্ষেত্রেও নতুন এক জটিলতার সৃষ্টি হবে।

"একটি রাজ্যে শিশুরা নাগরিক হবে, আরেকটিতে হবে না-এটা সরকারি সেবা পরিচালনায় বড় সমস্যার সৃষ্টি করবে," বলেছেন আইনজীবী জেরেমি ফেইগেনবাউম।

ব্রঙ্কসে ১৬ বছরের

শেষ পৃষ্ঠায় পর

পিস্তল দিয়ে গুলি চালায়।

এ সময় ইভেট জেফরি গুলির শিকার হয়ে মাথায় গুলিবিদ্ধ হয়ে মারা যান। এ ঘটনায় স্কুল কর্তৃপক্ষ এবং শহরের কর্মকর্তারা এ ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

আড্ডাতেও চলছে না কথা।

দেশকে আকার্যকর করতে বলা হচ্ছে দেশী-বিদেশী নানা ষড়যন্ত্রের কথা। কিন্তু এসব আড্ডায় সচেতন প্রবাসীদের একটি-ই কথা। আগে দেশ রক্ষা করতে হবে। আর এজন্য সর্বাগ্রে প্রয়োজন 'দেশপ্রেম'। সকল কিছুর আগে সবার মাঝে 'দেশপ্রেম' জাগ্রত হলে অনেক সমস্যার সমাধান হবে এবং দেশ সঠিক পথে এগুবে। *২৩ মার্চ ২০২৫*

যুক্তরাষ্ট্রে এক বছরে ৮০,৩৯১ জনের মৃত্যু

শেষ পৃষ্ঠায় পর

নেশা করার কারণে মোট ৮০ হাজার ৩৯১ আমেরিকানের প্রাণ ঝরেছে। এর আগের বছর সে সংখ্যা ছিল ১ লাখ ১০ হাজারের অধিক। তবে করোনা মহামারির আগের তুলনায় মৃত্যুর এ সংখ্যা অনেক কম। আর এটি সম্ভব হয়েছে স্বাস্থ্যসচেতনতা বৃদ্ধি এবং চিকিৎসাব্যবস্থা ঢেলে সাজানোর পরিপ্রেক্ষিতে।

সিডিসির চিকিৎসাবিজ্ঞানীরা বলেছেন, জনস্বাস্থ্য নিয়ে বাস্তবতার আলোকে ফেডারেল সরকারের দৃষ্টিভঙ্গি তথা আন্তরিকতা বৃদ্ধি পাওয়ার সুফল এটি।

সিডিসির সর্বশেষ গবেষণা জরিপ অনুযায়ী, ২০২৩ সালে অত্যধিক নেশা করেছে ২ কোটি ৭২ লাখ আমেরিকান। এ ছাড়া আরও ৭৫ লাখের মতো মদ পান করেছে পরিমাণের চেয়ে অনেক বেশি।

নিউইয়র্কে বাংলা ব্লকেড ইউএসএর আনন্দ সমাবেশ





নিউইয়র্ক: আওয়ামী লীগ নিষিদ্ধের খুশিতে নিউইয়র্কে বাংলা ব্লকেড ইউএসএর ব্যানারে আনন্দ সামবেশ ও মিছিল করেছে প্রবাসীরা। রোববার জ্যাকসন হাইটসের ডাইভারসিটি প্লাজায় এমন দৃশ্য দেখা যায়।

ঢাকায় আন্দোলনের মুখে আওয়ামী লীগ নিষিদ্ধের তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সড়কে নেমে আসেন নিউইয়র্কের বিএনপির নেতাকর্মীরা। মিছিলের শ্লোগানে মুখরিত হয় চারপাশ।

এ সময় জুলাই গণঅভ্যুত্থানে আওয়ামী লীগের বিতর্কিত কর্মকাণ্ড ও গত ১৬ বছরের বিতর্কিত কর্মকাণ্ড নিয়ে কথা বলেন নেতারা।

এ সময় উপস্থিত ছিলেন বাংলা ব্লকেড ইউএসএর প্রধান পৃষ্ঠোপোষক আবদুল লতিফ সম্রাট, প্রধান সম্পাদক গিয়াস আহমেদ, কনভেনর জমিম ভূঁইঞা, প্রধান সমন্বয়ক জিল্লুর রহমান, উপদেষ্টা মোস্তফা কামাল পাশা বাবুল, রিয়াজ মাহমুদ, আব্দুর সবুর, গিয়াস উদ্দিন, মোশারফ হোসেন সবুজ, ইবাদ চৌধুরী, জাহাঙ্গীর হাসান, খলকুর রহমান খলকু, আবু সাইদ, আনোয়ার হোসেন পলাশ, জিয়াউর রহমান মিলন, আল মামুন সবুজ।

ডাইভারসিটি প্লাজার সামনের বাংলাদেশ জাতীয়তাবাদী দলের নেতাকর্মীদের জমায়েতে পরিবেশন করা হয় দেশাত্মবোধক সংগীত। উচ্ছ্বাস প্রকাশ করেন বিএনপির নিউইয়র্ক শাখার নেতাকর্মীরা।







নিউইয়র্কে এইচআরপিবি'র সেমিনার

প্রবাসীদের জন্য ট্রাইব্যুনাল প্রতিষ্ঠার আহবান

বিশেষ প্রতিনিধি: প্রবাসীদের অধিকার প্রতিষ্ঠা এবং নিজ দেশে সৃষ্ট নানামাত্রিক সংকট নিরসনে পৃথক ট্রাইব্যুনাল প্রতিষ্ঠার আহ্বান জানিয়েছে 'হিউম্যান রাইটস অ্যান্ড পিস ফর বাংলাদেশ (এইচআরপিবি)'। গত ১১ মে রোববার নিউইয়র্কের জ্যাকসন হাইটসের বাংলাদেশ প্লাজায় অনুষ্ঠিত আয়োজিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন সংস্থার কেন্দ্রীয় প্রেসিডেন্ট এডভোকেট মনজিল মোরসেদ। সেমিনার শেষে এইচআরপিবি'র নিউইয়র্ক শাখার নতুন কমিটি গঠন করা হয়।

এইচআরপিবি'র নিউইয়র্ক শাখার সভাপতি অ্যাডভোকেট ম. জাকির মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারটি সঞ্চালনা করেন সংগঠনের সাধারণ সম্পাদক এডভোকেট সাঈদ মইনউদ্দিন জুবেল। সেমিনারে এডভোকেট মোহাম্মদ আলী বাবুল, এডভোকেট আব্দুল হাই কাইয়ুম, সাংবাদিক আকিকুল ইসলাম ভূঁইয়া, এডভোকেট এম. এ. রশিদ প্রমুখ বক্তব্য রাখেন।

সেমিনারে এডভোকেট মনজিল মোরসেদ বলেন, বিশ্বের বিভিন্ন দেশে লক্ষ লক্ষ বাংলাদেশী প্রবাসী হিসেবে বসবাস করছেন। দেশে তাদের সম্পত্তি, ব্যবসা ও বিভিন্ন ক্ষেত্রে নানা রকম হয়রানির শিকার হলেও প্রতিকারের ক্ষেত্রে সুনির্দিষ্ট কোনো আইনগত পদক্ষেপ নেওয়ার সুযোগ থাকে না। এমনকি প্রবাসীরা দেশে ভ্রমণকালে তাদের বিভিন্ন মৌলিক অধিকার লঙ্ঘনের শিকার হলেও কোনো প্রতিকার পান না। এর মূল কারণ হলো আইনের দীর্ঘসূত্রতা। তাই প্রবাসীদের অধিকার প্রতিষ্ঠার জন্য আইনি প্রতিকূলতা দূর করা একান্ত জরুরী। এ কারণে স্বল্প সময়ে প্রবাসীদের সমস্যা সমাধানে একমাত্র পথ হচ্ছে প্রবাসী ট্রাইব্যুনাল গঠন। তাই দ্রুত সমস্যা সমাধানে 'প্রবাসী ট্রাইবুন্যাল' গঠন সময়ের দাবী।

এইচআরপিবি'র প্রেসিডেন্ট বলেন, বিভিন্ন নির্বাচনে প্রবাসীরা যাতে ভোটাধিকার প্রয়োগ করতে পারে, সে জন্য প্রত্যেকটি দেশের অ্যাম্বাসী বা হাইকমিশনে ভোট প্রদানের ব্যবস্থা নিতে নির্বাচন কমিশনের প্রতি আহবান জানান। তিনি সরকারকে অবিলম্বে প্রবাসীদের স্বার্থে প্রবাসী ট্রাইব্যুনাল গঠনের জন্য আইন প্রণয়নের দাবি জানান। মনজিল মোরসেদ বলেন, সংসদ কার্যক্রম না থাকলেও রাষ্ট্রপতির মাধ্যমে অর্ডিন্যান্স আকারে এই আইন প্রণয়ন করা সম্ভব।



সেমিনারে নিউইয়র্কের বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধি উপস্থিত ছিলেন।

সেমিনারে ঘোষিত দুই বছর (২০২৫-২০২৬) মেয়াদী এইচআরপিবি'র নিউইয়র্ক শাখার কমিটির কর্মকর্তারা হলেন: সভাপতি- এডভোকেট ম. জাকির মিয়া (পুনরায় মনোনীত), সহ সভাপতি- এডভোকেট আব্দুল হাই কাইয়ুম, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট সাঈদ মইনউদ্দিন জুবেল (পুনরায় মনোনীত), সহ সম্পাদক- এডভোকেট ইব্রাহিম লোদী, সাংগঠনিক সম্পাদক- এডভোকেট আব্দুর রশিদ, প্রচার সম্পাদক- রিনা আবেদীন, আইন বিষয়ক সম্পাদক- এডভোকেট তাহমিদা আক্তার সুইটি এবং কোষাধ্যক্ষ- আক্তারুর রহমান মামুন। কার্যকরী সদস্য: মোহাম্মদ আব্দুর রহমান কিবরিয়া, এডভোকেট মোহাম্মদ সাইদুর রহমান, এডভোকেট আতিকুর রহমান সাবু, মহিউদ্দিন, এডভোকেট জয় আচার্য, এডভোকেট আজাদ আলী, আবুল কাশেম রাজু, এডভোকেট কুদরাতুন্নেসা, আজাদ আলী শিপু ও আলতাফ হোসেন।



Barnali Hasan MD
Internal Medicine
ডা. বর্ণালী হাসান
ইন্টারনাল মেডিসিন

Mahfujul Hasan DDS
Implants & Invisalign
ডা. মাহফুজুল হাসান
ডি.ডি.এস

We provide medical services for IMMIGRATION
আমরা ইমিগ্রেশন সেবা প্রদান করি

WE ADMIT ANY PATIENTS at
HOSPITALS & NURSING HOMES

Northwell Health
LONG ISLAND JEWISH MEDICAL CENTER
Forest Hills & New Hyde Park

» Primary Care » Annual Exam » Physical Checkup » TLC Test » Diabetes » Immigration » Cholesterol » EKG » » Spiro » PAP Smear » Pregnancy Test » Allergies » TB Test » Vaccinations » Telemedicine & all kind of Medical Services.

Diagnostic & preventive dentistry, General dentistry, Cosmetic dentistry, Teeth whitening, Fillings, Prosthodontics, Caps/crowns, metal-free bridges, full dentures and partial dentures, digital scanning, Endodontics, Rot canal, Orthodontics, Invisalign, Dental implants, Periodontics, Gum disease and most kinds of Dental Services

We accept most Insurances & Medicaid

CALL 917 930 1170

EFFICIENT MEDICAL CARE PC
DHAKA DENTAL PC
3716 73rd St, Suite 202, Jackson Heights, NY 11372 | Phone: 929 799 8100
4014 Greenpoint Ave, Sunnyside, NY 11104 | Phone: 718 392 2858
17009 Hillside Ave, Jamaica, NY 11432 | Phone: 718 291 2710

গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগ: (৭১৮) ৭২১-৩৬৫১, (৭১৮) ৮১০-৬৮৫৮

ARMAN CHOWDHURY, CPA
সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়
- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

7 DAYS OPEN
AUTHORIZED e-file PROVIDER
718-475-5686
87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!
এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত
ইউনাইটেড ট্রাভেলস ইনক
Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন
ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম
UNITED TRAVELS INC.
37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030
নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন
After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-
Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।
বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট
Concorde Travels
কনকর্ড ট্রাভেল
২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত
আসন সংখ্যা সীমিত
আজই আপনার আসন সংরক্ষণ করুণ
সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে
সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়
Emirates
السعودية SAUDIA
الإتحاد ETIHAD AIRWAYS
KUWAIT AIRWAYS
TURKISH AIRLINES
QATAR AIRWAYS القطرية
37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372
Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

PPL-এর আমরা অথরাইজড এজেন্ট

CDPAP নিয়ে কোন চিন্তা করবেন না।



COMMITTED HOME CARE



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস **TRANSFER** এ সহযোগিতা করে থাকি।

আজই যোগাযোগ করুন - (718) 457-0813

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইন্স্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুন্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।

আপনি ইচ্ছে করলে ডিরেক্ট **833-247-5346** নাম্বারে কল দিয়ে ট্রান্সফার করতে পারেন। তবে অবশ্যই আপনার হোমকেয়ার সার্ভিসের জন্য **COMMITTED HOME CARE** নাম উল্লেখ্য করতে হবে।



Giash Ahmed
Vice President
Committed Home Care
Phone : 718-457-0813, Fax : 718-457-0814
Cell : 917-744-7308
giashahmed123@gmail.com

CORPORATE OFFICE:
37-05 74 St, 2nd Fl,
Jackson Heights, NY 11372
Tel : 718-457-0813
Fax: 718-457-0814

CDPAP সার্ভিস নিয়ে

কোন চিন্তা করবেন না।



Bestcare
Home care, your care.

CDPAP অভিজ্ঞ কিছু লোক নিয়োগ দেওয়া হবে।
যোগাযোগ - (516) 731-7808



সকল সুযোগ সুবিধা পূর্বের মতোই থাকবে।

PPL & NYS DEPARTMENT OF HEALTH এর
অনুমোদিত **FACILATOR** হিসেবে **CDPAP** সার্ভিস
TRANSFER এ সহযোগিতা দিতে পারি।

আমরা বাংলায় কথা বলি

আজ এই যোগাযোগ করুন - (516) 731-7808

কোন প্রকার নার্স সার্টিফিকেট ছাড়া, বর্তমান ইনস্যুরেন্স পরিবর্তন না করে আগের মতোই একই বাসা থেকে আপনার প্রিয়জনের সেবা দিতে পারবেন। এর জন্য আপনাকে **CDPAP** থেকে অন্য কোনো প্রোগ্রামে যেতে হবে না। আমরা খুব সহজে ট্রান্সফার করে দিতে পারি। আপনার প্রিয়জনের সেবার মান যেন অক্ষুণ্ন থাকে, সে বিষয়ে আমরা সর্বদা যত্নবান।



Syed Alamin
Administrator
Email: cdpap@bestcare.com

Bestcare Corporate
3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 W 36th ST Suit 400, New York, NY 10018	1781 Flatbush Ave 2nd Floor Brooklyn, NY 11210



The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা

পথচলায় ২৯ বছর

www.banglapatrikausa.com

বর্ষ ২৯ : সংখ্যা ৩৩ : সোমবার, মে ১৯, ২০২৫
জ্যৈষ্ঠ ৫, ১৪৩২ জিলকদ ২০, ১৪৪৬

Vol. 29 : Issue 33 : May 19, 2925 USA
Free in NY, Other State $1

নেশাজাত দ্রব্য গ্রহণে

যুক্তরাষ্ট্রে এক বছরে ৮০,৩৯১ জনের মৃত্যু

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে নেশাজাত দ্রব্য গ্রহণে এক বছরে (২০২৪ সালে) ৮০,৩৯১ জন মাদকসেবীর মৃত্যু হয়েছে। তবে এর আগের বছরের তুলনায় প্রায় ৩০ হাজার কম।

ফেডারেল রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ সংস্থা 'সিডিসি' গত বুধবার জানিয়েছে, ২০২৪ সালে *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

ট্রাম্পের আদেশ নিয়ে দ্বিমত সুপ্রিম কোর্টের বিচারকদের

জন্মসূত্রে নাগরিকত্ব

নিউজ ডেস্ক : জন্মসূত্রে নাগরিকত্ব পাওয়ার অধিকার সীমিত করে দেওয়া নির্বাহী আদেশ ব্যাপকভাবে প্রয়োগে প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্পের চেষ্টা নিয়ে মার্কিন সুপ্রিম কোর্টে তুমুল বিতর্ক হয়েছে।

প্রেসিডেন্টের দ্বিতীয় মেয়াদের প্রথম দিনেই সই হওয়া ওই আদেশ অনুযায়ী, যেসব শিশুর বাবা-মায়ের কেউ মার্কিন নাগরিক বা গ্রিন কার্ডধারী নন, যুক্তরাষ্ট্রে জন্মালেও তারা আর নাগরিকত্ব পাবে না।

রিপাবলিকান প্রেসিডেন্ট চাইছেন নাগরিকত্ব নিয়ে যুক্তরাষ্ট্রের সংবিধানে দেওয়া প্রচলিত ব্যাখ্যায় বড় পরিবর্তন আনতে, তার এ চেষ্টা সফল হলে তা প্রতিবছর যুক্তরাষ্ট্রে জন্ম নেওয়া লাখো শিশুর নাগরিকত্বকে ঝুঁকির মুখে ফেলবে, বলছে বার্তা সংস্থা রয়টার্স।

ট্রাম্পের ওই আদেশ বাস্তবায়নে স্থগিতাদেশ দিয়েছেন



শুনানির সময় আদালতের বাইরে প্ল্যাকার্ড হাতে এক বিক্ষোভকারী। ছবি: রয়টার্স

মেরিল্যান্ড, ওয়াশিংটন ও ম্যাসাচুসেটসের ফেডারেল বিচারকরা। ট্রাম্প প্রশাসন চাইছে, এ বিচারকদের ক্ষমতা খর্ব করতে যেন তাদের আদেশ দেশজুড়ে কার্যকর না হয়।

সুপ্রিম কোর্টের রক্ষণশীল বিচারকরা নিম্ন আদালতের বিচারকদের এই ক্ষমতা খর্বে নিমরাজি বলে মনে হলেও তাদের কেউ এখন পর্যন্ত সরাসরি ট্রাম্পের নির্বাহী আদেশের পক্ষে অবস্থান নেননি, বলেছে রয়টার্স।

সুপ্রিম কোর্টে রক্ষণশীলদের ৬-৩ সংখ্যাগরিষ্ঠতা রয়েছে। লিবারেল বিচারকরা বলছেন, ট্রাম্পের নির্বাহী আদেশ যুক্তরাষ্ট্রের সংবিধান এবং নাগরিকত্ব বিষয়ে সুপ্রিম কোর্টের আগের আদেশগুলোর লঙ্ঘন।

ট্রাম্পের আদেশ আটকে দেওয়া স্থগিতাদেশগুলো প্রত্যাহারে প্রশাসনের জরুরি আবেদন নিয়ে বৃহস্পতিবার সুপ্রিম কোর্টে দুই ঘণ্টার বেশি শুনানি হয়েছে।

সরকারপক্ষের যুক্তি হচ্ছে, ফেডারেল বিচারকরা দেশজুড়ে একসঙ্গে স্থগিতাদেশ দেওয়ার এখতিয়ার রাখেন না। সেজন্য তাদের স্থগিতাদেশগুলো বাতিল করে প্রশাসনকে প্রেসিডেন্টের আদেশ বাস্তবায়নের সুযোগ করে দিতে হবে।

প্রশাসনের পক্ষে সলিসিটর *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

শোক সংবাদ

সায়রা খানম চৌধুরীর দাফন সম্পন্ন

নিউইয়র্ক: কমিউনিটির পরিচিত মুখ, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক ও সাবেক সভাপতি, বিশিষ্ট ব্যবসায়ী বেলাল চৌধুরী ও ফ্রেন্ডস সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক, জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সাংগঠনিক সম্পাদক ইফজাল চৌধুরীর মা সায়রা খানম চৌধুরীর জানাজা শেষে তার মরদেহ দাফন করা হয়েছে।



২৩-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্রে বাংলাদেশী সাইফের কৃতিত্ব

দুই বছরের ডিগ্রি এক বছরে সম্পন্ন

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে দুই বছরের মাস্টার্স স্নাতকোত্তর ডিগ্রি এক বছরে সম্পন্ন করে অনন্য কৃতিত্ব দেখালেন বাংলাদেশী বংশোদ্ভূত সাইফ মোহাম্মদ। তিনি ইউনিভার্সিটি অব কানেকটিকাট থেকে ফিনান্স মাস্টার্স *৫-এর পৃষ্ঠায় দেখুন*



ব্রঙ্কসে ১৬ বছরের কিশোরীকে গুলি করে হত্যা

নিউইয়র্ক: নিউইয়র্কের ব্রঙ্কসে একটি স্কুল ভবনের কাছে সোমবার বিকেলে ১৬ বছর বয়সী এক কিশোরীকে গুলি করে হত্যা করা হয়েছে।

পুলিশ জানিয়েছে, এ হত্যাকাণ্ডের সাথে ১৪ বছর বয়সী এক ছেলেকে অভিযুক্ত করা হয়েছে। নিহত কিশোরীটির নাম ইভেট জেফরি। পুলিশ জানিয়েছে স্কুল প্রাঙ্গণে কয়েকটি শিশুদের মধ্যে বাগবিতণ্ডা হলে, এক ছেলেকে গায়ে আঘাত করে এবং পরে অপর একজন তার হাতে *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

প্রস্তুতি সম্পন্ন; ২৪ মে অনুষ্ঠান

আমেরিকান কারি অ্যাওয়ার্ডস নিয়ে ব্যাপক আগ্রহ

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে বসছে আমেরিকান কারি এওয়ার্ডসের প্রথম আসর। আগামী ২৪ মে ২০২৫ শনিবার কুইন্সের অভিজাত ভেন্যু টেরেস অব দ্য পার্কে আয়োজনটির সামগ্রিক প্রস্তুতি সম্পন্ন হয়েছে। গতক বুধবার খলিল গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ ও আশা গ্রুপের উদ্যোগে সংবাদ সম্মেলনে আয়োজনের বিস্তারিত তুলে ধরেন আমেরিকান কারি এওয়ার্ডসের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ মো. খলিলুর রহমান ও আকাশ রহমান। জ্যামাইকার খলিল বিরিয়ানি হাউসে সংবাদ সম্মেলন সঞ্চালনা করেন হাসানুজ্জামান সাকী।

আয়োজকরা জানান, আমেরিকান কারি এওয়ার্ডস উপলক্ষে রন্ধন শিল্পীদের মাঝে ব্যাপক সাড়া পড়েছে। ইতোমধ্যে হোম শেফদের নিয়ে একটি প্রতিযোগিতার আয়োজন করা হচ্ছে। *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

বাংলাদেশ সোসাইটি ব্রঙ্কস'র নির্বাচন

একক প্যানেল হিসেবে মনোনয়ন জমা শামীম-অলি পরিষদের

নিউইয়র্ক: নিউইয়র্কের ব্রঙ্কসের ঐতিহ্যবাহী প্রবাসী বাংলাদেশীদের বৃহৎ সংগঠন বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক ইনকের নির্বাচনে একমাত্র একক প্যানেল হিসেবে শামীম-অলি পরিষদ মনোনয়ন পত্র জমা দিয়েছেন।

গত ১৪ মে সোসাইটির নির্বাচনে মনোনয়ন পত্র দাখিলের দিন শেষ সময়ে এসে একমাত্র একক প্যানেল *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

যে প্রক্রিয়ায় বাড়ী বিক্রেতা প্রতারিত করতে পারেন

এম কামাল



এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট বিক্রয় এজেন্ট হিসেবে সবচেয়ে দক্ষ হতে পারেন- তারা জানেন, আপনার জন্য কিভাবে কাজ করলে সহজেই আপনার বাড়িটি বিক্রি হয়ে যাবে। এ ধরনের রিয়েল এস্টেট এজেন্ট নিয়োগ দেয়া সত্যিই স্মার্ট কাজ। কিন্তু সত্যিকার বাজে এজেন্ট তারাই যারা বাড়ি বিক্রেতাকে অনেক বড় বড় কথা বলবেন, কিন্তু কাজের সময় তারা তাদের কথাকে কাজে (শেষ পাতার পর) পরিণত করতে পারে না। এই ধরনের রিয়েল এস্টেট এজেন্ট সাধারণত সাধারণত যোগাযোগ কম, আশ্বাস প্রদান, বাড়ি এরপর দেখুন পৃষ্ঠা ॥ ২৬

এক স্লিপ



সালাহউদ্দিন আহমেদ:

২০২৪ সালের জুলাই-আগস্টের ছাত্র-জনতার গণ অভ্যুত্থানে শেখ হাসিনা নেতৃত্বাধীন আওয়ামী লীগ সরকারের পতনের পর নোবেল পুরষ্কার বিজীয় একমাত্র বাংলাদেশী প্রফেসর ড. মুহাম্মদ ইনডূসের নেতৃত্বে নতুন অন্তর্বর্তী সরকার দায়িত্ব নিয়েছে। এই সরকার ৮ মাস হতে চললো। আওয়ামী লীগ সরকারের পতন আর ইউনূস সরকারের ক্ষমতা গ্রহণের পর থেকেই দেশে বিদেশে নানা জল্পনা-কল্পনা চলছে। নিউইয়র্কেও প্রবাসী বাংলাদেশীদের চায়ের *২৭-এর পৃষ্ঠায় দেখুন*

ইমিগ্রেশন বিষয়ক সেমিনার

ইমিগ্র্যান্টদের আইনি পরামর্শ নেয়ার আহ্বান

নিউইয়র্ক: নিউইয়র্কে 'আমেরিকান ইমিগ্রেশন ক্র্যাকডাউন, বাংলাদেশি জনগণের জন্য চ্যালেঞ্জ এবং নীতিগত বিকল্প' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গত *২৩-এর পৃষ্ঠায় দেখুন*

আটলান্টা ফোবানা সম্মেলন নেতৃবৃন্দের নিউইয়র্কে মতবিনিময়

বিশেষ প্রতিনিধি: আসন্ন ৩৯ তম ফোবানা সম্মেলনের হোস্ট কমিটির কর্মকর্তারা পুরো উত্তর আমেরিকা জুড়ে বিভিন্ন শহরে সম্মেলনের প্রচার ও প্রোমোশন করছেন। তারই ধারাবাহিকতায় গত ৯, ১০ ও ১১ মে ফোবানা নেতৃবৃন্দ নিউইয়র্ক সফর করেন।

ফোবানা এক্সিকিউটিভ কমিটি ও হোস্ট কমিটির কর্মকর্তারা গত ১০ মে শনিবার বিভিন্ন সংবাদ মাধ্যমের কর্মকর্তাদের সাথে একটি মতবিনিময় সভা করেন। যেখানে কর্মকর্তারা ফোবানার ধারাবাহিক *২৭-এর পৃষ্ঠায় দেখুন*









Editor: Abu Taher Published by Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd floor), LIC, NY 11101, USA, Tel: 718 482 9923, 718 482 1169, Fax: 718 482 9935, Email: banglapatrikausa@gmail.com